সময়মিতি। সময়ম্ অজ্ঞাতবাসপ্রতিজ্ঞাম্, বক্ষমাণানাং বক্ষতাম্, বো যুষ্মাকম্, ভার্য্যা অহম্, ন ভবিষ্যতি ন স্থাস্যতি মরিষ্যতীত্যর্থঃ। তৎ পুনবসঙ্গতমিত্যাহ—ভার্য্যায়াং রক্ষ্যমাণাযাস্ত, প্রজা সন্তানো রক্ষিতা ভবতি ॥৩০॥

প্রজাযামিতি। প্রজায়াং বক্ষ্যমাণাযাং সত্যাম্, আত্মাপি বক্ষিতো ভবতি। হি যস্মাৎ, আত্মা তস্যাং ভার্য্যাযাং সন্তানরূপেণ জায়তে। তেন বুধাস্তাং ভার্য্যাং জাযাং বিদুঃ ॥৩১॥

ভর্ত্তেতি। কথং কেন প্রকারেণ, মমোদরে জাযাৎ ভর্ত্তা পুত্রাদিরূপেণ জাযেত, ইতি বিভাব্যেতি শেষঃ, ভার্য্যযাপি ভর্ত্তা রক্ষ্যো রক্ষণীয়ঃ। নন্বেতৎ কথং ত্বযা জ্ঞাতমিত্যাহ—ধর্ম্মমেব বদতাং ব্রাহ্মণানাং মুখাদযং বর্ণধর্ম্মশ্চ মযা শ্রুতঃ ॥৩২॥

আমি প্রত্যাখ্যান করিব; সেও দেখা হইলেই আমাকে প্রহার কবিবে; যাহাতে আমি জীবনত্যাগই করিব। তাহা হইলে, আপনারা ধর্ম্মার্জ্জনে যত্ন কবিতে থাকিলেও আপনাদের সে গুরুতব ধর্ম্ম নষ্ট হইবে ॥২৮—২৯॥

আপনাবা যদি অজ্ঞাতবাসের প্রতিজ্ঞাই রক্ষা কবিতে থাকেন, তবে আপনাদেব ভার্য্যা থাকিবে না; কিন্তু ভার্য্যাকে বক্ষা করিলে, সন্তানও রক্ষিত হয় ॥৩০॥

সন্তান রক্ষিত হইলে, নিজেও রক্ষিত হয়। কারণ, প্রাণী নিজে সন্তানরূপে ভার্য্যার গর্ভে জন্ম গ্রহণ করে। সেই জন্যই পণ্ডিতেবা ভার্য্যাকে 'জাযা' বলিযা জানেন ॥৩১॥

আবাব ভর্ত্তা কি প্রকাবে আমার উদবে জন্মিবেন, ইহা ভাবিযা ভার্য্যাও ভর্ত্তাকে রক্ষা করিবেন। ব্রাহ্মণেবা যখন ধর্ম্ম বলিতেছিলেন, তখন তাঁহাদেব নিকট এই বর্ণধর্ম্ম শুনিয়াছিলাম—॥৩২॥

---

(৩০)…দাবা যো ন—ভা। (৩২) বদতাং বর্ণধর্ম্মাংশ্চ ব্রাহ্মণানামিতি শ্রুতম্—বা ব,… ব্রাহ্মণানামিতি শ্রুতঃ—রা ম,…ব্রাহ্মণানাং হি মে শ্রুতম্—ভা।

ক্ষত্রিয়স্য সদা ধর্ম্মো নান্যঃ শত্রুনিবর্হণাৎ।
পশ্যতো ধর্ম্মরাজস্য কীচকো মাং পদাঽবধীৎ ॥৩৩॥
তব চৈব সমক্ষং বৈ ভীমসেন! মহাবল!।
ত্বয়া হ্যহং পরিত্রাতা তস্মাদ্‌ঘোরাজ্জটাসুরাৎ ॥৩৪॥ (যুগ্মকম্)
জয়দ্রথং তথৈব ত্বমজৈষীর্ভ্রাতৃভিঃ সহ।
জহীমমপি পাপিষ্ঠং যোঽয়ং মামবমন্যতে ॥৩৫॥
কীচকো রাজবাল্লভ্যাচ্ছোককৃন্মম ভারত!।
তমেবং কামসংমত্তং ভিন্ধি কুম্ভমিবাশ্মনি ॥৩৬॥

ভারতকৌমুদী

কোঽসৌ বর্ণধর্ম্ম ইত্যাহ—ক্ষত্রিযস্যেতি। সদা শত্রূণাং নিবর্হণান্নির্যাতনাদন্যঃ ক্ষত্রিয়স্য প্রধানো ধর্ম্মো নাস্তি। হে মহাবল! ভীমসেন! পশ্যতো ধর্ম্মরাজস্য তব চ সমক্ষমেব, কীচকো মাং পদা অবধীৎ তাডিতবান্। অতোঽযমপি শত্রুবিতি ভাবঃ। ত্বয়া হি তস্মাদ্‌ঘোরাৎ জটাসুবাদহং পবিত্রাতা রক্ষিতা ॥৩৩—৩৪॥

জযদিতি। তথৈব ত্বং ভ্রাতৃভিঃ সহ জযদ্রথমজৈষীঃ। ইদং দ্বিতয়মপ্যুপাখ্যানং বনপর্ব্বণি দ্রষ্টব্যম্। যোঽযং মামবমন্যতে, ইমং পাপিষ্ঠং কীচকমপি জহি ॥৩৫॥

কীচক ইতি। হে ভাবত! কীচকো বাজবাল্লভ্যাৎ রাজ্ঞঃ প্রিয়ত্বাৎ মম শোককৃৎ দুঃখকারী সংবৃত্তঃ সুদেষ্ণয়া তদন্তিকে প্রেবণাদিনা সান্নিধ্যলাভাৎ বাজ্ঞো ভয়াকরণাচ্চেতি ভাবঃ। অতএব এবং কামসংমত্তং তম্, অশ্মনি প্রস্তরে কুম্ভং মৃৎকলসমিব ভিন্ধি ॥৩৬॥

ভাবতভাবদীপঃ

স্যাদিত্যর্থঃ ॥২৯॥ এতদেবাহ—সময়মিতি। সময়ং মর্য্যাদাং ত্রয়োদশবর্ষরূপাম্, ভার্য্যা পোষণীয়া ন ভবিষ্যতি ॥৩০—৩১॥ জাযাৎ আবির্ভবেৎ, বদতাং কথয়তাং ব্রাহ্মণানাং

'সর্ব্বদা শত্রুনির্যাতন ব্যতীত অন্য প্রধান ধর্ম্ম ক্ষত্রিয়েব নাই।' মহাবল ভীমসেন! ধর্ম্মরাজ এবং আপনি উভযেই দেখিতেছিলেন, এই অবস্থায় আপনাদেব সমক্ষেই কীচক আমাকে পদাঘাত করিযাছে!। আপনি সেই ভীষণ জটাসুবেব হস্ত হইতে আমাকে রক্ষা কবিয়াছিলেন ॥৩৩—৩৪॥

সেইরূপই আপনি ভ্রাতাদেব সহিত মিলিত হইয়া জয়দ্রথকে জয় করিয়াছিলেন। এখন এই যে কীচক আমাকে অপমানিত কবিতেছে, আপনি এই পাপিষ্ঠকেও সংহাব করুন ॥৩৫॥

ভবতনন্দন! বাজাব প্রিয় বলিয়াই কীচক আমাব এইরূপ দুঃখ জন্মাইতে

---

(৩৩) ক্ষত্রিয়াণাং তথা ধর্ম্মঃ—ভা। (৩৪)…সমক্ষ…ঘোবান্মহাসুবাৎ—ভা। (৩৫) জয়দ্রথাত্তথৈব ত্বম্—ভা। (৩৬)… কীচকং কামসন্তপ্তম্—ভা।

যো নিমিত্তমনর্থানাং বহূনাং মম ভারত ! ।
তঞ্চেজ্জীবন্তমাদিত্যঃ প্রাতরভ্যুদয়িষ্যতি ।
বিষমালোড্য পাস্যামি মা কীচকবশং গমম্ ॥৩৭॥
শ্রেয়ো হি মরণং মহ্যং ভীমসেন ! তবাগ্রতঃ ।
ইত্যুক্ত্বা প্রারুদৎ কৃষ্ণা ভীমস্যোরঃ সমাশ্রিতা ॥৩৮॥
ভীমশ্চ তাং পরিষ্বজ্য মহৎ সান্ত্বং প্রযুজ্য চ ।
কীচকং মনসাঽগচ্ছৎ সৃক্কণী পরিসংলিহন্ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বণি কীচকবধে দ্রৌপদীদুঃখকীর্ত্তনং নাম ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

য ইতি। হে ভারত! যঃ কীচকঃ, মম বহূনামনর্থানাং নিমিত্তম্, জীবন্তং তং কীচকম্, অভি লক্ষ্যীকৃত্য, আদিত্যশ্চেৎ প্রাতঃ উদয়িষ্যতি উদয়িষ্যতে, তদাহম্, আলোড্য বিষং পাস্যামি, কিন্তু কীচকস্য বশং মা গমং ন গচ্ছেয়ম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

শ্রেয় ইতি। হি যস্মাৎ, হে ভীমসেন! তব অগ্রতঃ, মহ্যং মম মরণং শ্রেয়ঃ, পত্যুর্দেবতা-রূপত্বাদিত্যাশয়ঃ। ইত্যুক্ত্বা কৃষ্ণা ভীমস্য উরো বক্ষঃ সমাশ্রিতা সতী প্রারুদৎ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

মুখাৎ বর্ণধর্মশ্চ শ্রুতঃ ॥৩২—৩৬॥ অভ্যুদয়িষ্যতি অভ্যুদেষ্যতি ॥৩৭॥ কীচকবশং মা গমং ন গচ্ছেয়ম্ ॥৩৮॥ হেতুভির্যুক্তিভিঃ তত্ত্বার্থৈর্যথার্থভূতৈশ্চার্থৈঃ সংযুক্তানি তৈঃ। আগচ্ছৎ স্মৃতবান্। সৃক্কিণী গল্লযোরভ্যন্তরে পরিসংলিহন্ জিহ্বয়া পরামৃশন্ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥১৯॥

পারিতেছে; অতএব প্রস্তরের উপরে মৃৎকুম্ভ যেমন চূর্ণিত করে, আপনিও সেইরূপ কামসংমত্ত কীচককে চূর্ণিত করুন ॥৩৬॥

ভরতনন্দন! যে কীচক আমার বহুতর দুঃখের কারণ, সেই কীচক জীবিত থাকিতে সূর্য্য যদি প্রাতঃকালে উদিত হন, তবে আমি আলোড়ন করিয়া বিষ পান করিব; কিন্তু কীচকের বশীভূত হইব না ॥৩৭॥

কারণ, ভীমসেন! আপনার সম্মুখে আমার মৃত্যু ভাল।" এই কথা বলিয়া দ্রৌপদী ভীমের বক্ষঃস্থলে পতিত হইয়া রোদন করিতে লাগিলেন ॥৩৮॥

---

(৩৮) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'বৈশম্পায়ন উবাচ' ইতি পাঠঃ—প্র বা ব রা ম। (৩৯) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'আশ্বাসয়িত্বা বহুশো ভৃশমার্ত্তাং সুমধ্যমাম্। হেতুতত্ত্বার্থসংযুক্তৈর্বচোভির্দ্রুপদাত্মজাম্ ॥ প্রমৃজ্য বদনং তস্যাঃ পাণিনাশ্রুসমাকুলম্।...উবাচ চৈনাং দুঃখার্ত্তাং ভীমঃ ক্রোধবশং গতঃ ॥' ইতি শ্লোকদ্বয়মধিকম্—প্র বা ব রা ম। সৃক্কিণী—বা রা ম ভা। * '...একবিংশোঽধ্যায়ঃ'—প্র বা ব রা ম, '...বিংশোঽধ্যায়ঃ'—ভা।

বিংশোঽধ্যায়ঃ।

—:*:—

ভীমসেন উবাচ।

তথা ভদ্রে! করিষ্যামি যথা ত্বং ভীরু! ভাষসে।
অদ্য তং সূদয়িষ্যামি কীচকং সহবান্ধবম্ ॥১॥
অদ্য প্রদোষে শর্ব্বর্য্যাঃ কুরুষ্বানেন সঙ্গতম্।
দুঃখং শোকঞ্চ নির্ধূয় যাজ্ঞসেনি! শুচিস্মিতে! ॥২॥

ভারতকৌমুদী

ভীম ইতি। ভীমশ্চ তাং পরিষজ্য আলিঙ্গ্য, মহৎ সান্ত্বমাশ্বাসবাক্যং প্রযুজ্য চ, সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ পরিসংলিহন্ ক্রোধাৎ বসনয়া স্পৃশন্, কীচকং মনসা অগচ্ছৎ ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযাং বিরাটপর্ব্বণি কীচকবধে ঊনবিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তথেতি। হে ভদ্রে! ভীরু! ত্বং যথা ভাষসে, অহং তথৈব করিষ্যামি। তদেব স্পষ্টয়তি—অদ্যেত্যাদি। অদ্যৈব, বান্ধবৈঃ সহেতি সহবান্ধবং তং কীচকং সূদয়িষ্যামি বিনাশয়িষ্যামি। "আহ্ন্যাদুত্থানাদান্ন্যাচ্চ সংবেশনাদহঃ, উভয়তোঽর্দ্ধরাত্রং বা" ইতি কাতন্ত্রবৃত্তৌ দুর্গসিংহোক্ত্যা এতদালাপস্য চ তদ্দিবসীয়ার্দ্ধরাত্রাৎ পরং প্রবৃত্ত্যা তদবধিপরদিবসীয়ার্দ্ধরাত্রপর্য্যন্তস্য চ একাহতয়া পরদিবসীয়ার্দ্ধরাত্রমধ্য এব চ কীচকবধাদদ্যেত্যুপপদ্যতে ॥১॥

অদ্যেতি। হে শুচিস্মিতে! যাজ্ঞসেনি! ত্বং দুঃখং শোকঞ্চ, নির্ধূয় শত্রুসংহারস্যাব-শ্যকতয়া বিহায়, অদ্য পূর্ব্বোক্তযুক্তেঃ পরদিবসীয়ায়া ইত্যর্থঃ, শর্ব্বর্য্যা রাত্রেঃ প্রদোষে সূর্য্যাস্তাৎ পরকালে, অনেন কীচকেন সহ, সঙ্গতং সঙ্কেতালাপকরণায় সম্মেলনং কুরুষ ॥২॥

ভীমও তাঁহাকে আলিঙ্গন করিয়া এবং বিশেষ আশ্বাসবাক্য বলিয়া ক্রোধে ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া কীচককে স্মরণ করিলেন ॥৩৭॥

—:*:—

ভীমসেন বলিলেন—"ভদ্রে! ভীরু! তুমি যেমন বলিলে, আমি তেমনই করিব অর্থাৎ অদ্যই বান্ধবগণের সহিত সেই কীচককে সংহার করিব ॥১॥

---

(১)···তং নিহনিষ্যামি···সহ বান্ধবৈঃ—ভা (২) অস্যাঃ প্রদোষে—প্র বা ব রা ম,··· অনেন সঙ্গমম্। দুঃখশোকং বিনির্ধূয়—ভা।

যৈষা নর্ত্তনশালেহ মৎস্যরাজেন কারিতা।
দিবাত্র কন্যা নৃত্যন্তি রাত্রৌ যান্তি যথাগৃহম্ ॥৩॥
তত্রাস্তি শয়নং দিব্যং দৃঢ়াঙ্গং সুপ্রতিষ্ঠিতম্।
তত্র তং দর্শয়িষ্যামি পূর্ব্বপ্রেতান্ পিতামহান্ ॥৪॥
যথা চ ত্বাং ন পশ্যেয়ুঃ কুর্ব্বাণাং তেন সংবিদম্।
কুর্য্যাস্তথা ত্বং কল্যাণি। যথা সন্নিহিতো ভবেৎ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

তথা তৌ কথয়িত্বা তু বাষ্পমুৎসৃজ্য দুঃখিতৌ।
রাত্রিশেষং তমত্যুগ্রং ধারয়ামাসতুর্হৃদি ॥৬॥

ভাবতকৌমুদী

যেতি। ইহ নগরে, মৎস্যরাজেন যা এষা নর্ত্তনশালা কারিতা, অত্র নর্ত্তনশালায়াম্, দিবা দিবসে কন্যা নৃত্যন্তি, রাত্রৌ চ তা যথাগৃহং স্বং স্বং গৃহং যান্তি ॥৩॥

তত্রেতি। তত্র নর্ত্তনশালায়াম্, দৃঢ়াঙ্গং দৃঢ়খট্বাস্থিতম্, সুপ্রতিষ্ঠিতঞ্চ, দিব্যমুত্তমম্, একং শয়নং শয্যাস্তি, তত্র তং কীচকম্, পূর্ব্বপ্রেতান্ পূর্ব্বমৃতান্ তস্য পিতামহান্ দর্শয়িষ্যামি ॥৪॥

যথেতি। হে কল্যাণি। তেন কীচকেন সহ সংবিদং সঙ্কেতালাপং কুর্ব্বাণাং ত্বাম্, যথা অন্যে ন পশ্যেয়ুঃ, যথা চ স সন্নিহিতো ভবেৎ, তথা ত্বং কুর্য্যাঃ ॥৫॥

তথেতি। দুঃখিতৌ তৌ দ্রৌপদীভীমসেনৌ, তথা কথয়িত্বা তু বাষ্পমুৎসৃজ্য, হৃদি, তম্ অত্যুগ্রং দুঃখোৎকর্ষময়ত্বাদতিভীষণং রাত্রেঃ শেষমবসানম্, ধারয়ামাসতুশ্চিন্তয়ামাসতুঃ ॥৬॥

শুচিস্মিতে! যাজ্ঞসেনি! তুমি দুঃখ ও শোক পরিত্যাগ করিয়া আগামি-রাত্রির প্রদোষকালে সঙ্কেতালাপ করিবার জন্য কীচকের সহিত সাক্ষাৎ কর ॥২॥

এই রাজধানীতে মৎস্যরাজ যে নৃত্যশালা নির্ম্মাণ করাইয়াছেন, তাহার ভিতরে দিনের বেলায় কন্যারা নৃত্য করে এবং রাত্রিতে আপন আপন গৃহে চলিয়া যায় ॥৩॥

সেই নৃত্যশালার ভিতরে দৃঢ় খট্বার উপরে সুন্দরভাবে পাতিত একখানি উত্তম শয্যা আছে, আমি তাহাতে থাকিয়াই কীচককে তাহার পূর্ব্বমৃত পিতৃপুরুষগণের সহিত সাক্ষাৎ করাইব ॥৪॥

কল্যাণি! কীচকের সহিত সঙ্কেতালাপ করিবার সময়ে যাহাতে অন্য কেহ তোমাকে না দেখে এবং যাহাতে সেও সেখানে যায়, তাহা করিও” ॥৫॥

---

(৩) যদেতন্নর্ত্তনাগারম্...কারিতম্—ভা। (৪) তত্রাস্য দর্শয়িষ্যামি—বা ব রা ম ভা,... ...দৃঢ়সন্ধি প্রতিষ্ঠিতম্—ভা। (৫)...ন ত্বাং বুধ্যেয়ুঃ কুরবস্তেন সংবিদম্—ভা। (৬)...তদত্যুগ্রং পাবযামাসতুস্তদা—ভা।

তস্যাং রাত্রৌ ব্যতীতায়াং প্রাতরুত্থায় কীচকঃ।
গত্বা রাজকুলায়ৈব দ্রৌপদীমিদমব্রবীৎ ॥৭॥
সভায়াং পশ্যতো রাজ্ঞঃ পাতয়িত্বা পদাহহনম্।
ন চৈবালভথাস্ত্রাণমভিপন্না বলীয়সা ॥৮॥
প্রবাদেন হি মৎস্যানাং রাজা নাম্নায়মুচ্যতে।
অহমেব হি মৎস্যানাং রাজা বৈ বাহিনীপতিঃ ॥৯॥
মাং সুখং প্রতিপদ্যস্ব দাসো ভীরু! ভবামি তে।
অহ্নায় তব সুশ্রোণি! শতং নিষ্কান্ দদাম্যহম্ ॥১০॥

ভারতকৌমুদী

তস্যামিতি। তস্যাং রাত্রৌ ব্যতীতাযাং সত্যাম্, প্রাতঃ কালে, কীচক উত্থায়, রাজকুলায়ৈব রাজভবনায়ৈব গত্বা, দ্রৌপদীমিদমব্রবীৎ ॥৭॥

সভাযামিতি। সভাযাম্, পশ্যতো রাজ্ঞঃ পশ্যন্তমেব রাজানমনাদৃত্য, পাতয়িত্বা পদা ত্বাম্, অহনং তাডিতবান্। বিকরণলোপাভাব আর্ষঃ। কিন্তু বলীযসা মযা অভিপন্না আক্রান্তেতি ত্বম্, ত্রাণং কুতোহপি রক্ষাম্, ন চৈব অলভথাঃ ॥৮॥

প্রেতি। হি যস্মাৎ, অয়ং বিরাটঃ, প্রবাদেন লোকবাদমাত্রেণ, নাম্না নামমাত্রেণ চ, মৎস্যানাং রাজা উচ্যতে। কিন্তু বাহিনীপতিঃ সেনাপতিঃ অহমেব হি মৎস্যানাং রাজা ॥৯॥

মামিতি। অতএব হে ভীরু! ত্বং সুখমনায়াসমেব মাং প্রতিপদ্যস্ব লভস্ব, অহং তে দাসো ভবামি। কিঞ্চ হে সুশ্রোণি! অহম্, অহ্নায় শীঘ্রমেব, তব শতং নিষ্কান্ স্বর্ণমুদ্রা দদামি ॥১০॥

বৈশম্পায়ন বলিলেন—দুঃখিত দ্রৌপদী ও ভীমসেন সেইরূপ কথোপকথন করিয়া অশ্রুমোচনপূর্ব্বক মনে মনে সেই ভয়ঙ্কর রাত্রির অবসান চিন্তা করিতে লাগিলেন ॥৬॥

তাহার পর সেই রাত্রি অতীত হইলে প্রাতঃকালে কীচক গাত্রোত্থান করিয়া রাজভবনেই যাইয়া দ্রৌপদীকে এই কথা বলিল—॥৭॥

"সৈরিন্ধ্রি! সভার মধ্যে রাজার সমক্ষে তোমাকে ভূতলে পাতিত করিয়া পদাঘাত করিয়াছিলাম, কিন্তু তুমি প্রবলকর্ত্তৃক আক্রান্ত হইয়াছিলে বলিয়া কাহাকেও রক্ষক পাও নাই ॥৮॥

কারণ, এই বিরাট, কেবল কথায় ও নামমাত্রে মৎস্যদেশের রাজা; কিন্তু বাস্তবিকপক্ষে সেনাপতি বলিয়া আমিই মৎস্যদেশের রাজা ॥৯॥

---

(৭) তস্যাং রাত্র্যাম্—বা ব রা ম ভা। (৮)...পদা হতম্। নৈব চালভসে—ভা,...ন চৈবালভসে—বা ব বা ম। (৯)...রাজা রাজায়মুচ্যতে—ভা। (১০) সা সুখং পরিরভ্যস্ব ... দদামি তে—প্র, মা দুঃখং প্রতিপদ্যস্ব...দদামি তে—ভা।

দাসীশতঞ্চ তে দদ্যাং দাসানামপি চাপরম্ ।
রথঞ্চাশ্বতরীযুক্তমস্তু নৌ ভীরু ! সঙ্গমঃ ॥১১॥
দ্রৌপদ্যুবাচ ।
এবং মে সময়ং ত্বদ্য প্রতিপদ্যস্ব কীচক ! ।
ন ত্বাং সখা বা ভ্রাতা বা জানীয়াৎ সঙ্গতং ময়া ॥১২॥
অববোধাদ্ধি ভীতাস্মি গন্ধর্ব্বাণাং যশস্বিনাম্ ।
এবং মে প্রতিজানীহি ততোঽহং বশগা তব ॥১৩॥

ভারতকৌমুদী

দাসীতি । হে ভীরু ! দাসীশতঞ্চ, অপরং দাসানাং শতমপি চ, অশ্বতরীযুক্তমেকং রথঞ্চ তে দদ্যাম্ ; নৌ আবযোঃ, সঙ্গমোঽস্তু ॥১১॥

এবমিতি । হে কীচক ! অদ্য তু মে সমীপে এবং সময়ং শপথম্, প্রতিপদ্যস্ব কুরু, যথা তব সখা বা ভ্রাতা বা ময়া সহ সঙ্গতং ত্বাং ন জানীয়াৎ ॥১২॥

অবেতি । হি যস্মাৎ, যশস্বিনাং গন্ধর্ব্বাণাম্, অববোধাৎ ত্বয়া সহ মৎসঙ্গমজ্ঞানাৎ ভীতাস্মি । এবং মে সমীপে প্রতিজানীহি, ততোঽহং তব বশগা ভবেয়ম্ ॥১৩॥

ভারতভাবদীপঃ

তথেতি ॥১॥ প্রদোষে রজনীমুখে, সঙ্গতং সম্ভাষণম্, নির্দ্ধূয অপ্রকাশ্য ॥২—৩॥ দৃঢাঙ্গং কাষ্ঠফলকময়ম্ ॥৪—৭॥ অহনং হতবান্ ॥৮—১০॥ নৌ আবয়োঃ ॥১১॥ সময়ং সঙ্কেতম্,

---

অতএব ভীরু ! তুমি অনায়াসে আমাকে লাভ কর এবং আমিও তোমার দাস হই । আর সুনিতম্বে ! সত্বরই আমি তোমাকে একশত স্বর্ণমুদ্রা দান করিতেছি ॥১০॥

এবং ভীরু ! আমি তোমাকে একশত দাসী, একশত দাস ও অশ্বতরীযুক্ত একখানি রথ দিব ; আমাদের সঙ্গম হউক” ॥১১॥

দ্রৌপদী বলিলেন—“কীচক ! এখন আমার নিকট তুমি এইরূপ শপথ কর যে, তোমার সখা বা ভ্রাতা আমার সহিত তোমার সঙ্গম জানিতে পারিবে না ॥১২॥

কারণ, যশস্বী গন্ধর্ব্বদিগের জানার ভয়ে আমি ভীত আছি ; সুতরাং তুমি আমার নিকট এইরূপ প্রতিজ্ঞা কর ; তাহার পর আমি তোমার বশবর্ত্তিনী হইব” ॥১৩॥

---

(১১) দাসীশতঞ্চ তেঽহদ্যাস্ত…অস্তু ভীরু ! সুসঙ্গমঃ—ভা । (১২) এবং মে সময়ং সত্যম্ —প্র, একং মে সময়ং সত্যম্…জানীযাৎ সঙ্গমং মম—ভা । (১৩) অনুপ্রবাদাদ্ভীতাস্মি—বা ব রা ম, অনুবোধাদ্ধি ভীতাস্মি…এবং তু প্রতিজানীহি—ভা ।

কীচক উবাচ।

এবমেতৎ করিষ্যামি যথা ত্বং ভীরু! ভাষসে।
একো ভদ্রে! গমিষ্যামি শূন্যমাবসথং তব ॥১৪॥
সমাগমার্থং রম্ভোরু! ত্বয়া মদনমোহিতঃ।
যথা ত্বাং নাববেৎস্যন্তি গন্ধর্ব্বাঃ সূর্য্যবর্চ্চসঃ ॥১৫॥ (যুগ্মকম্)

দ্রৌপদ্যুবাচ।

যদিদং নর্ত্তনাগারং মৎস্যরাজেন কারিতম্।
দিবাত্র কন্যা নৃত্যন্তি রাত্রৌ যান্তি যথাগৃহম্ ॥১৬॥
তমিস্রে তত্র গচ্ছেথা গন্ধর্ব্বাস্তন্ন জানতে।
তত্র দোষঃ পরিহৃতো ভবিষ্যতি ন সংশয়ঃ ॥১৭॥

ভাবতকৌমুদী

এবমিতি। হে ভীরু! ত্বং যথা ভাষসে, অহমেবমেবৈতৎ করিষ্যামি। হে ভদ্রে! হে রম্ভোরু। মদনমোহিতঃ অহম্, ত্বয়া সহ সমাগমার্থং সঙ্গমার্থম্, এক এব শূন্যং তব আবসথং গৃহং গমিষ্যামি, যথা সূর্য্যবর্চ্চসঃ সূর্য্যবৎ তেজস্বিনো গন্ধর্ব্বাঃ, ত্বাং নাববেৎস্যন্তি মৎসঙ্গতাং ন জ্ঞাস্যন্তি ॥১৪—১৫॥

যদিতি। ইদং দৃশ্যমানং যন্নর্ত্তনাগারং মৎস্যরাজেন কারিতম্, অত্র দিবা দিবসে কন্যা নৃত্যন্তি, রাত্রৌ চ যথাগৃহং যান্তি। অতো রাত্রাবিদং শূন্যং তিষ্ঠতীতি ভাবঃ ॥১৬॥

তমিস্র ইতি। তমিস্রে অন্ধকারে, তত্র অত্র নর্ত্তনাগারে, ত্বং গচ্ছেথাঃ, গন্ধর্ব্বা মৎপতয়ঃ, তন্ন জানতে ন জ্ঞাস্যন্তি। অতএব তত্র দোষস্তেষামবগমঃ পরিহৃতঃ পরিত্যক্তো ভবিষ্যতি, অত্র সংশয়ো নাস্তি ॥১৭॥

কীচক বলিল—"ভীরু! তুমি যেমন বলিলে, আমি তেমনই করিব। হে রম্ভোরু! আমি কামে মোহিত হইয়াছি; সুতরাং ভদ্রে! তোমার সহিত সঙ্গম করিবার জন্য আমি একাকীই তোমার শূন্যগৃহে যাইব, যাহাতে সূর্য্যতুল্য তেজস্বী গন্ধর্ব্বেরা তোমাকে জানিতে না পারেন" ॥১৪—১৫॥

দ্রৌপদী বলিলেন—"বিরাটরাজা এই যে নৃত্যশালা নির্ম্মাণ করাইয়াছেন, ইহাতে কন্যারা দিনের বেলায় নৃত্য করে এবং রাত্রিতে আপন গৃহে চলিয়া যায় ॥১৬॥

তুমি অন্ধকারে এ ঘরে যাইবে; গন্ধর্ব্বেরা তাহা জানিতে পারিবেন না। তাহা হইলেই দোষ পরিত্যক্ত হইবে; এবিষয়ে কোন সন্দেহ নাই" ॥১৭॥

---

(১৪)…যথা সুশ্রোণি! ভাষসে—ভা। (১৫) সমাগমোৎসু রম্ভোরু! ত্বাহং মদমোহিতঃ—ভা।

বৈশম্পায়ন উবাচ।

তমর্থং প্রতিজল্পন্ত্যাঃ কৃষ্ণায়াঃ কীচকেন হ।
দিবসার্দ্ধং সমভবন্মাসেনৈব সমং নৃপ! ॥১৮॥
কীচকোঽথ গৃহং গত্বা ভৃশং হর্ষপরিপ্লুতঃ।
সৈরিন্ধ্রীরূপিণং মূঢ়ো মৃত্যুং তং নাববুদ্ধবান্ ॥১৯॥
গন্ধাভরণমাল্যেষু ব্যাসক্তঃ সবিশেষতঃ।
অলঞ্চক্রে তদাত্মানং সত্বরং কামমোহিতঃ ॥২০॥
তস্য তৎ কুর্ব্বতঃ কর্ম্ম কালো দীর্ঘ ইবাভবৎ।
অনুচিন্তয়তশ্চাপি তামেবায়তলোচনম্ ॥২১॥

ভারতকৌমুদী

তমিতি। হে নৃপ! জনমেজয়! কীচকেন সহ, তমর্থং বিষয়ম্, প্রতিজল্পন্ত্যা অনর্থকং বদন্ত্যাঃ কৃষ্ণায়াঃ অবশিষ্টং দিবসার্দ্ধং মাসেনৈব সমং সমভবৎ, শক্রসংহারোৎকণ্ঠয়া দীর্ঘত্ববোধাদিতি ভাবঃ ॥১৮॥

কীচক ইতি। অথ মূঢ়ঃ কীচকঃ, গৃহং গত্বা, ভৃশং হর্ষপরিপ্লুতঃ কৃষ্ণাসঙ্গমলাভাশয়া অতীবানন্দব্যাপ্তঃ সন্, তং সৈরিন্ধ্রীরূপিণং মৃত্যুং মৃত্যুকারণং নাববুদ্ধবান্ ॥১৯॥

গন্ধেতি। কামমোহিতঃ স কীচকঃ, তদা গন্ধাভরণমাল্যেষু বিশেষতো ব্যাসক্তঃ সন্, সত্বরমেব, আত্মানম্, অলঞ্চক্রে ভূষিতবান্ ॥২০॥

তস্যেতি। আয়তলোচনাং তাং কৃষ্ণামেব অনুচিন্তয়তঃ, তদলঙ্করণং কর্ম্ম কুর্ব্বতঃ, তস্য কীচকস্যাপি, ন কেবলং দ্রৌপদ্যা ইত্যর্থঃ, অবশিষ্টঃ স কালো দীর্ঘ ইবাভবৎ ॥২১॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! কীচকের সহিত সেই বিষয় আলাপ করিবার পরে দ্রৌপদীর নিকট দিনের সেই অবশিষ্ট অর্দ্ধ একমাসের তুল্য বোধ হইতে লাগিল ॥১৮॥

তাহার পর মূঢ় কীচক বাড়ী যাইয়া আনন্দে অত্যন্ত আকুল থাকিয়া সেই সৈরিন্ধ্রীরূপী মৃত্যুকে বুঝিতে পারিল না ॥১৯॥

কামমোহিত কীচক তখন গন্ধ, মাল্য ও অলঙ্কারে বিশেষভাবে ব্যাপৃত থাকিয়া আপনাকে অলঙ্কৃত করিল ॥২০॥

সেই আয়তনয়না দ্রৌপদীকেই চিন্তা করিতে থাকিয়া অলঙ্কারপ্রভৃতি পরিধান করিতে থাকায় কীচকেরও সেই অবশিষ্ট সময়টা দীর্ঘ বলিয়াই বোধ হইতে লাগিল ॥২১॥

(১৮)⋯ পরিজল্পন্ত্যাঃ⋯কীচকস্য হ—ভা। (১৯)⋯হর্ষসমন্বিতঃ⋯নাববুধ্যতে—ভা,⋯মৃত্যুং তাং নাববুধ্যত—বা। (২০) গন্ধাভরণমাল্যৈশ্চ⋯অলঞ্চক্রে সোঽত্মানং সত্বরঃ—ভা। (২১) ততস্তু কুর্ব্বতঃ কর্ম্ম⋯তত্র চিন্তয়তস্তস্য সৈরিন্ধ্রীং বামলোচনাম্—ভা।

আসীদত্যধিকা তস্য শ্রীঃ শ্রিয়ং প্রমুমুক্ষতঃ।
নির্ব্বাণকালে দীপস্য বর্ত্তীমিব দিধক্ষতঃ ॥২২॥
কৃতসংপ্রত্যয়স্তত্র কীচকঃ কামমোহিতঃ।
নাজানাদ্দিবসং যান্তং চিন্তয়ানঃ সমাগমম্ ॥২৩॥
ততস্তু দ্রৌপদী গত্বা তদা ভীমং মহানসে।
উপাতিষ্ঠত কল্যাণী কৌরব্যং পতিমন্তিকে ॥২৪॥
তমুবাচ সুকেশান্তা কীচকেন ময়া কৃতঃ।
সঙ্গমো নর্ত্তনাগারে যথাবোচঃ পরন্তপ! ॥২৫॥

ভাবতকৌমুদী

আসীদিতি। নির্ব্বাণকালে, বর্ত্তীং দশাম্, দিধক্ষতো দগ্ধুমিচ্ছতঃ, এতেন রমণায় দ্রৌপদীং জিঘৃক্ষত ইতি ব্যজ্যতে, দীপস্যেব, শ্রিয়ং কান্তিমৌজ্জ্বল্যঞ্চ, প্রমুমুক্ষতশ্চিরায় মোক্তুমিচ্ছতঃ, তস্য কীচকস্য, অত্যধিকা শ্রীঃ কান্তিঃ ঔজ্জ্বল্যঞ্চাসীৎ, সাকল্যেনালঙ্করণাৎ আধিক্যেন বর্ত্তীগ্রহণাচ্চেতি ভাবঃ। মনোহরৈবেয়মুপমা ॥২২॥

কৃতেতি। কামমোহিতঃ, অতএব তত্র কৃষ্ণাবাক্যে, কৃতঃ সংপ্রত্যয়ঃ সম্যগ্বিশ্বাসো যেন সঃ, অতএব চ সমাগমং কৃষ্ণায়াঃ সঙ্গমম্, চিন্তয়ানশ্চিন্তয়মানঃ সন্, মকারাগমাভাব আর্ষঃ, যান্তং দিবসং নাজানাৎ ন বুদ্ধবান্ ॥২৩॥

তত ইতি। ততঃ কীচকেন সহ তদালাপাৎ পরং তদৈব, কল্যাণী দ্রৌপদী, মহানসে পাকস্থানে গত্বা, কৌরব্যং পতিং ভীমম্, অন্তিকে উপাতিষ্ঠত উপাগচ্ছৎ ॥২৪॥

তমিতি। ততঃ সুকেশান্তা দ্রৌপদী তং ভীমমুবাচ। হে পরন্তপ! ত্বং যথা অবোচ উক্তবান্, ময়া তথৈব কীচকেন সহ নর্ত্তনাগারে সঙ্গমস্তৎসঙ্কেতঃ কৃতঃ ॥২৫॥

নির্ব্বাণের সময়ে অধিক পরিমাণে বর্ত্তী (সলিতা) দগ্ধ করিতে প্রবৃত্ত দীপের উজ্জ্বলতা যেমন অতিশয় অধিক হয়, সেইরূপ চিরকালের জন্য কান্তি পরিত্যাগের সময়ে কীচকেরও তখন সমস্ত অলঙ্কারপ্রভৃতি ধারণ করায় কান্তি অতিশয় অধিক হইয়াছিল ॥২২॥

কামমোহিত কীচক দ্রৌপদীর সেই বাক্যে সম্পূর্ণ বিশ্বাস করিয়া তাঁহার সঙ্গমই চিন্তা করিতে থাকায়—সে দিন যে যাইতেছিল, তাহা বুঝিতেই পারিল না ॥২৩॥

এদিকে কল্যাণী দ্রৌপদী কিন্তু সেই আলাপের পর তখনই পাকগৃহে যাইয়া কৌরবনন্দন স্বামী ভীমসেনের নিকট উপস্থিত হইলেন ॥২৪॥

---

(২২) আসীদভ্যধিকা চাপি—বা ব রা ম ভা,… নির্ব্বাণকালদীপস্য যথা বর্ত্তির্দিধক্ষতঃ—ভা। (২৩)… ন জানাদ্দিবসং যাতম্—ভা। (২৪)…গত্বা ভীমসেনম্…অন্তিকাৎ—ভা,… পতিমন্তিকম্—বা ব রা ম। (২৫)…তব বাক্যাৎ পরন্তপ!—ভা।

শূন্যং স নর্ত্তনাগারমাগমিষ্যতি কীচকঃ।
একো নিশি মহাবাহো! কীচকং তং নিষূদয় ॥২৬॥
তং সূতপুত্রং কৌন্তেয়! কীচকং মদদর্পিতম্।
গত্বা ত্বং নর্ত্তনাগারং নির্জ্জীবং কুরু মানদ! ॥২৭॥
দর্পাচ্চ সূতপুত্রোঽসৌ গন্ধর্ব্বানবমন্যতে।
তং ত্বং প্রহরতাং শ্রেষ্ঠ! কন্দং নাগ ইবোদ্ধর ॥২৮॥
অশ্রু দুঃখাভিভূতায়া মম মার্জ্জস্ব ভারত!।
আত্মনশ্চৈব ভদ্রং তে কুরু মানং কুলস্য চ ॥২৯॥

ভারতকৌমুদী

শূন্যমিতি। হে মহাবাহো। স কীচকঃ এক এব নিশি শূন্যং জনরহিতং নর্ত্তনাগারমাগমিষ্যতি। অতএব ত্বং কীচকং নিষূদয় বিনাশয় ॥২৬॥

তমিতি। হে মানদ! স্বজনমানরক্ষক। কৌন্তেয়! ত্বং নর্ত্তনাগারং গত্বা মদদর্পিতং সূতপুত্রং তং কীচকং নির্জ্জীবং কুরু ॥২৭॥

দর্পাদিতি। অসৌ সূতপুত্রো দর্পাদ্গন্ধর্ব্বানবমন্যতে। অতএব হে প্রহরতাং যোদ্ধৃণাং শ্রেষ্ঠ! ত্বম্, নাগো হস্তী, কন্দং শস্যমূলমিব, তং দেহাত্তজ্জীবনম্, উদ্ধর ॥২৮॥

অশ্রিতি। হে ভারত! ত্বং দুঃখাভিভূতায়া মম অশ্রু মার্জ্জস্ব, আত্মনশ্চৈব কুলস্য চ মানং গৌরবং কুরু। তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥২৯॥

ভারতভাবদীপঃ

প্রতিপদ্যস্ব স্বীকুরু ॥১২—১৭॥ দিবসার্দ্ধম্ অহোরাত্রার্দ্ধং দিনমেকমপি মাসেন সমমৌৎকণ্ঠ্যাদভূৎ ॥১৮—২২॥ কৃতসম্প্রত্যয়ঃ কৃতবিশ্বাসঃ, নাজানাৎ ন জ্ঞাতবান্ ॥২৩—২৭॥

এবং সেই সুকেশী দ্রৌপদী ভীমসেনকে বলিলেন—"পরন্তপ! আপনি যেমন বলিয়াছিলেন, আমি তেমনই নৃত্যশালায় কীচকের সহিত সঙ্গমের সঙ্কেত করিয়া আসিয়াছি ॥২৫॥

মহাবাহু! সেই কীচক রাত্রিতে একাকীই সেই শূন্য নৃত্যগৃহে আগমন করিবে; অতএব আপনি তাহাকে বিনাশ করুন ॥২৬॥

স্বজনসম্মানরক্ষক কুন্তীনন্দন! আপনি সেই নৃত্যশালায় যাইয়া সেই মদদর্পিত সূতপুত্র কীচককে সংহার করুন ॥২৭॥

ঐ কীচক দর্পবশতঃ গন্ধর্ব্বগণকে অবজ্ঞা করে; অতএব বীরশ্রেষ্ঠ! হস্তী যেমন শস্যের মূল উৎপাটন করে, আপনিও তেমন তাহার দেহ হইতে প্রাণ উৎপাটন করুন ॥২৮॥

---

(২৭)…নির্জ্জীবং কুরু পাণ্ডব।—বা ব র্ধা ম। (২৯)…মম মার্জ্জয়—ভা।

ভীমসেন উবাচ।

স্বাগতং তে বরারোহে! যন্মাং বেদয়সি প্রিয়ম্।
নহ্যন্যং কঞ্চিদিচ্ছামি সহায়ং বরবর্ণিনি! ॥৩০॥
সা মে প্রীতিঃ সমাখ্যাতা কীচকস্য সমাগমে।
হত্বা হিড়িম্বং যা প্রীতির্মমাসীদ্বরবর্ণিনি! ॥৩১॥
সত্যং ভ্রাতৄংশ্চ ধর্ম্মঞ্চ পুরস্কৃত্য ব্রবীমি তে।
কীচকং নিহনিষ্যামি বৃত্রং দেবপতির্যথা ॥৩২॥
তং গহ্বরে প্রকাশে বা পোথয়িষ্যামি কীচকম্।
অথ চেদপি যোৎস্যন্তি হিংস্যে মৎস্যানপি ধ্রুবম্ ॥৩৩॥

ভাবতকৌমুদী

স্বাগতমিতি। হে বরারোহে! ববর্বর্ণিনি! তে স্বাগতম্? ত্বং মাং যৎ প্রিযং বেদযসি জ্ঞাপযসি, তত্র অন্যং কঞ্চিদপি সহায়ং নহি ইচ্ছামি, স্বযমেব শক্তত্বাৎ ॥৩০॥

সেতি। হে বরবর্ণিনি! পূর্ব্বং হিড়িম্বং রাক্ষসং হত্বা মম যা প্রীতিবাসীৎ, কীচকস্য সমাগমে হননায সম্মেলন এব সা তাদৃশী প্রীতিস্ত্বযা সমাখ্যাতা ॥৩১॥

সত্যমিতি। হে পাঞ্চালি! সত্যং ভ্রাতৄংশ্চ ধর্ম্মঞ্চ পুরস্কৃত্য শপথবিষযীকৃত্য তে ব্রবীমি, যৎ দেবপতির্যথা বৃত্রমসুরং নিহতবান্, তথৈবাহং কীচকং নিহনিষ্যামি ॥৩২॥

তমিতি। গহ্বরে গুপ্তস্থানে প্রকাশে বা তং কীচকং পোথযিষ্যামি চূর্ণযিষ্যামি। অথ মৎস্যা অপি চেদ্যোৎস্যন্তি, তদা তান্ মৎস্যানপি ধ্রুবং হিংস্যে ॥৩৩॥

ভরতনন্দন! আমি দুঃখাভিভূত; সুতবাং আপনি আমার অশ্রু মার্জ্জন করুন এবং নিজের ও নিজের বংশেব নাম রাখুন। আপনার মঙ্গল হউক" ॥২৯॥

ভীমসেন বলিলেন—"ববাবোহে! বরবর্ণিনি! তোমাব শুভাগমন ত? তুমি আমাকে যে বিষয় জানাইলে, আমি সে বিষয়ে অন্য কাহাকেও সহায় চাহি না ॥৩০॥

বরবর্ণিনি! হিড়িম্ববাক্ষসকে বধ করিয়া আমাব যে আনন্দ হইয়াছিল, কীচকের সহিত সম্মেলনেব বিষয়েই তুমি আমার সেইরূপ আনন্দেব কথা বলিলে ॥৩১॥

সত্য, ভ্রাতৃগণ ও ধর্ম্মকে সম্মুখে রাখিয়া তোমাকে বলিতেছি যে, ইন্দ্র যেমন বৃত্রাসুবকে বধ কবিযাছিলেন, আমি তেমনই কীচককে বধ কবিব ॥৩২॥

গুপ্তস্থানে কিংবা প্রকাশ্যস্থানে সেই কীচককে সংহাব কবিব। তা'ব পব,

---

(৩০) ইতঃ পূর্ব্বম্ 'এবং করোম্যহং ভদ্রে! যথা ত্বং ভীরু! ভাষসে' ইতি পাদদ্বয়মধিকম্—প্র বা। (৩১) যা মে প্রীতিঃ ···সা প্রীতিঃ—প্র বা ব রা ম। (৩৩) অথ যোৎস্যন্তি মৎস্যাস্তে হংস্যে—ভা।

ততো দুর্য্যোধনং হত্বা প্রতিপৎস্যে বসুন্ধরাম্।
কামং মৎস্যমুপাস্তাং হি কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৩৪॥

দ্রৌপদ্যুবাচ।

যথা ন সংত্যজেথাস্ত্বং সত্যং বৈ মৎকৃতে বিভো!।
নিগূঢ়স্ত্বং তথা বীর! কীচকং বিনিপাতয় ॥৩৫॥

ভীমসেন উবাচ।

সর্ব্বমেতৎ করিষ্যামি যথা ত্বং ভীরু! ভাষসে।
অদৃশ্যমানস্তস্যাদ্য তমস্বিন্যামনিন্দিতে! ॥৩৬॥
নাগো বিল্বমিবাক্রম্য পোথয়িষ্যাম্যহং শিরঃ।
অলভ্যামিচ্ছতস্তস্য কীচকস্য দুরাত্মনঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো দুর্য্যোধনং হত্বা বসুন্ধরাং প্রতিপৎস্যে লপ্স্যে। কুন্তীপুত্রো যুধিষ্ঠিরস্তু কামং যথেষ্টং মৎস্যং বিরাটম্, উপাস্তাং সেবতাম্ ॥৩৪॥

যথেতি। হে বিভো। প্রভো! বীর! যথা ত্বং মৎকৃতে মন্নিমিত্তে, সত্যম্ অজ্ঞাতবাসশপথং ন সংত্যজেথাঃ, ত্বং তথৈব নিগূঢ়ঃ সন্ কীচকং বিনিপাতয় ॥৩৫॥

সর্ব্বমিতি। হে অনিন্দিতে! ভীরু! ত্বং যথা ভাষসে, তথৈব অদৃশ্যমানোঽহম্, অদ্য তমস্বিন্যাং রাত্রৌ, তস্য কীচকস্য সম্বন্ধে এতৎ সর্ব্বং করিষ্যামি ॥৩৬॥

উক্তমেবার্থং স্পষ্টয়তি—নাগ ইতি। অহমাক্রম্য অলভ্যামপি ত্বামিচ্ছতঃ তস্য দুরাত্মনঃ কীচকস্য শিরঃ, নাগো হস্তী বিল্বং ফলমিব, পোথয়িষ্যামি ॥৩৭॥

সমস্ত মৎস্যদেশীয়েরাও যদি যুদ্ধ করে, তাহা হইলে তাহাদিগকেও নিশ্চয়ই বিনাশ করিব ॥৩৩॥

তাহার পর দুর্য্যোধনকে বধ করিয়া রাজ্য লাভ করিব। এদিকে কুন্তীপুত্র যুধিষ্ঠির ইচ্ছানুসারে বিরাটের উপাসনা করিতে থাকুন” ॥৩৪॥

দ্রৌপদী বলিলেন—“প্রভু! বীর! আপনি যাহাতে আমার জন্য সত্য পরিত্যাগ না করেন, সেইভাবেই গুপ্ত থাকিয়া কীচককে বধ করুন” ॥৩৫॥

ভীম বলিলেন—“অনিন্দিতে! ভীরু! তুমি যেমন বলিলে, আমি তেমন অদৃশ্য থাকিয়াই অদ্য রাত্রিতে কীচকের বিষয়ে এই সমস্ত করিব ॥৩৬॥

তুমি কীচকের পক্ষে অলভ্যা; তথাপি সেই দুরাত্মা তোমাকে লাভ করি-

---

(৩৪)·· কুরুরাজো যুধিষ্ঠিরঃ—ভা। (৩৫)···তথা পার্থ! কীচকং তং নিষূদয়—বা ব বা ম,···তথা ভীম!···ত্বং নিষূদয—ভা। (৩৬) অস্য প্রথমার্দ্ধাৎ পরম্ ‘অদ্য তং সূদয়িষ্যামি কীচকং সহবান্ধবম্’ এতৎ পাদদ্বয়মধিকম্—প্র বা ব রা ম।

বৈশম্পায়ন উবাচ ।

ভীমোঽথ প্রথমং গত্বা রাত্রৌ ছন্ন উপাবিশৎ ।
মৃগং হরিরিবাদৃশ্যঃ প্রত্যাকাঙ্ক্ষংশ্চ কীচকম্ ॥৩৮॥
কীচকশ্চাপ্যলঙ্কৃত্য যথাকামমথাব্রজৎ ।
তাং বেলাং নর্ত্তনাগারে পাঞ্চালীসঙ্গমেচ্ছয়া ॥৩৯॥
প্রবিশ্য চ ততো বেশ্ম তমসা সংবৃতং মহৎ ।
একান্তে ভীমসেনং তমাসসাদ স দুর্ম্মতিঃ ॥৪০॥
শয়ানং শয়নে তত্র মৃত্যুং সূতঃ পরামৃশৎ ।
জাজ্বল্যমানং কোপেন কৃষ্ণায়া ধর্ষজেন হ ॥৪১॥

ভারতকৌমুদী

ভীম ইতি। অথ ভীমঃ রাত্রৌ ছন্নো গুপ্তঃ সন্ প্রথমং কীচকাৎ পূর্ব্বং নর্ত্তনাগারে গত্বা, অদৃশ্য এব তিষ্ঠন্, হরিঃ সিংহো মৃগমিব, কীচকং প্রত্যাকাঙ্ক্ষন্, তত্রত্যশয্যায়ামুপাবিশৎ। আগচ্ছন্তং কীচকং বিদিত্বা তু শয়িতবান্ পরত্র শয়ানমিত্যভিধানাৎ ॥৩৮॥

কীচক ইতি। অথ কীচকশ্চাপি যথাকামমাত্মানমলঙ্কৃত্য, তাং বেলাং তস্মিন্ প্রদোষকাল এব, পাঞ্চালীসঙ্গমেচ্ছয়া তস্মিন্নেব নর্ত্তনাগারে অব্রজৎ ॥৩৯॥

প্রবিশ্যেতি। ততশ্চ স দুর্ম্মতিঃ কীচকঃ, তমসা অন্ধকারেণ সংবৃতম্, মহৎ বেশ্ম নর্ত্তনাগারং প্রবিশ্য, একান্তে স্থিতং তং ভীমসেনম্, আসসাদ প্রাপ ॥৪০॥

শয়ানমিতি। সূতঃ কীচকঃ, কৃষ্ণায়া ধর্ষজেন কেশাকর্ষণাদিজাতেন কোপেন জাজ্বল্যমানম্, তত্র শয়নে শয্যায়াং শয়ানম্ মৃত্যুং মৃত্যুস্বরূপং ভীমম্, পরামৃশদস্পৃশৎ ॥৪১॥

বার ইচ্ছা করিতেছে; সুতরাং হস্তী যেমন বিল্বফল চূর্ণ করে, সেইরূপ আমি আক্রমণ করিয়া তাহার মস্তক চূর্ণ করিব” ॥৩৭॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর ভীম, রাত্রিতে গুপ্তভাবে প্রথমেই নর্ত্তনগৃহে যাইয়া অদৃশ্য থাকিয়া, সিংহ যেমন হরিণের আকাঙ্ক্ষা করিয়া বসিয়া থাকে, সেইরূপ কীচকের আকাঙ্ক্ষা করিয়া বসিয়া রহিলেন ॥৩৮॥

তৎপরে কীচকও ইচ্ছানুসারে আপনাকে অলঙ্কৃত করিয়া দ্রৌপদীর সঙ্গমেচ্ছায় সেই সময়েই নৃত্যগৃহের দিকে গমন করিল ॥৩৯॥

তাহার পর দুর্ম্মতি কীচক অন্ধকারাবৃত সেই বিশাল গৃহে প্রবেশ করিয়া একপ্রান্তে অবস্থিত ভীমসেনের নিকট উপস্থিত হইল ॥৪০॥

---

(৩৮)…মৃগহারী ইবাদৃশ্যঃ ক্রুদ্ধস্তত্র বিনিশ্বসন্—ভা। (৩৯)…অপাব্রজৎ—ভা,…পাঞ্চালী-সঙ্গমাশয়া—প্র বা ব রা ম ভা। (৪০) এতৎপূর্ব্বম্ ‘মন্যমানঃ স সঙ্কেতমাগারং প্রাবিশচ্চ তৎ’ ইতি পাদদ্বয়ং পূর্ব্বার্দ্ধাৎ পরম্ ‘পূর্ব্বাগতং ততস্তত্র ভীমমপ্রতিমৌজসম্’ ইতি পাদদ্বয়ঞ্চাধিকম্—প্র বা ব রা ম। (৪১)…কৃষ্ণাধর্ষণজেন হ—বা ব রা ম ভা।

উপসঙ্গম্য চৈবৈনং কীচকঃ কামমোহিতঃ।
হর্ষোন্মথিতচিত্তাত্মা স্ময়মানোঽভ্যভাষত ॥৪২॥
প্রাপিতং তে ময়া বিত্তং বহুরূপমনন্তকম্।
ত্বৎকৃতে ধনরত্নাঢ্যং দাসীশতপরিচ্ছদম্ ॥৪৩॥
অকস্মান্মাং প্রশংসন্তি সর্ব্বা গৃহগতাঃ স্ত্রিয়ঃ।
সুবাসা দর্শনীয়শ্চ নান্যোঽস্তি ত্বাদৃশঃ পুমান্ ॥৪৪॥

ভারতকৌমুদী

উপেতি। কিঞ্চ, কামমোহিতঃ, হর্ষেণ উন্মথিতং ব্যস্তীকৃতং চিত্তং যস্য স তাদৃশ আত্মা স্বরূপং যস্য স তাদৃশশ্চ, অতএব স্পৃষ্ট্বাপি পুরুষতয়া নাজ্ঞাসীদিতি ভাবঃ, কীচকঃ, উপসংগম্য, স্ময়মান ঈষদ্ধসন্, এনং ভীমমভ্যভাষত ॥৪২॥

প্রেতি। হে সুন্দরি! ময়া ত্বৎকৃতে ত্বন্নিমিত্তে, ধনরত্নাঢ্যম্, দাসীশতপরিচ্ছদং তদ্যুক্তম্, অর্শ আদিত্বাদৎ, বহুরূপং নানাবিধমনন্তকঞ্চ, বিত্তং দ্রব্যম্, তে তব বাসগৃহ ইতি শেষঃ, প্রাপিতং প্রস্থাপিতম্ ॥৪৩॥

অকস্মাদিতি। গৃহগতাঃ সর্ব্বা এব স্ত্রিয়ঃ, অকস্মান্মাং প্রশংসন্তি। কিমুক্ত্বেত্যাহ—অন্যঃ পুমান্ ত্বাদৃশঃ, সুবাসা সুন্দরবসনঃ, দর্শনীয়ঃ সুদৃশ্যশ্চ নাস্তি ॥৪৪॥

ভারতভাবদীপঃ

হ্রদাৎ যমুনাহ্রদান্নাগং কালিয়ং কৃষ্ণো যথা উদ্ধৃতবাংস্তদ্বৎ ত্বমেনমিহলোকাদ্দূরে পাতয়েতি ভাবঃ ॥২৮—৩৫॥ তস্য তেনাদৃশ্যমানঃ ॥৩৬॥ নাগো হস্তী, অলভ্যাং ত্বাম্ ॥৩৭—৪২॥ যৎকৃতং

ভীম দ্রৌপদীর অপমানজনিত কোপে জ্বলিতেছিলেন এবং কীচকের মৃত্যুকাপে তত্রত্য শয্যায় শয়িত ছিলেন: এই অবস্থায় কীচক যাইয়া তাঁহাকে স্পর্শ করিল ॥৪১॥

এবং কামমোহিত ও আনন্দে অস্থিরচিত্ত কীচক নিকটে যাইয়া ঈষৎ হাস্য করিয়া উঁহাকে বলিল—॥৪২॥

"সুন্দরি! তোমার জন্য ধন, রত্ন, বহু দাসী ও বহু পরিচ্ছদযুক্ত নানাপ্রকার অপরিমিত দ্রব্য আমি তোমার ঘরে পাঠাইয়া দিয়াছি ॥৪৩॥

বাড়ীর সকল স্ত্রীলোকই আমাকে প্রশংসা কবিয়াছে যে, তোমার মত সুবসন ও সুদৃশ্য অন্য কোন পুরুষই নাই" ॥৪৪॥

---

(৪৩)…যৎ কৃতং ধন—বা র রা ম, প্রাপ্তং হি তে…তৎ সর্ব্বং ত্বাং সমুদ্দিশ্য সহসা সমুপাগতঃ—তা। ইতঃ পরম্ 'রূপলাবণ্যযুক্তাভির্যুবতীভিরলঙ্কৃতম্। গৃহং সান্তঃপুরং সুভ্রু! ক্রীডারতিবিরাজিতম্। তৎ সর্ব্বং ত্বাং সমুদ্দিশ্য সহসাহমুপাগতঃ।' ইতি পাদষট্কমধিকম্—প্র বা ব রা ম।

ভীমসেন উবাচ।

দিষ্ট্যা ত্বং দর্শনীয়োঽসি দিষ্ট্যাত্মানং প্রশংসসি।
ঈদৃশশ্চ ময়া স্পর্শো দৃষ্টপূর্ব্বো ন কর্হিচিৎ ॥৪৫॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্ত্বা তং মহাবাহুর্ভীমো ভীমপরাক্রমঃ।
সহসোৎপত্য কৌন্তেয়ঃ প্রহস্যোবাচ কীচকম্ ॥৪৬॥
অদ্য ত্বাং ভগিনী পাপ! কৃষ্যমাণং ময়া ভুবি।
দ্রক্ষ্যত্যদ্রিপ্রতীকাশং সিংহেনেব মহাদ্বিপম্ ॥৪৭॥
নিরাবাধা ত্বয়ি হতে সৈরিন্ধ্রী বিচরিষ্যতি।
সুখমেব চরিষ্যন্তি সৈরিন্ধ্রীপতয়স্তথা ॥৪৮॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। হে কীচক! ত্বং দিষ্ট্যা মদ্ভাগ্যেনৈব দর্শনীয়ঃ সুদৃশ্যোঽসি, দিষ্ট্যা আত্মানং প্রশংসসি চ। ময়া চ কর্হিচিদপি ঈদৃশঃ স্পর্শো ন দৃষ্টপূর্ব্বঃ ন জ্ঞাতপূর্ব্বঃ ॥৪৫॥

ইতীতি। ইত্যুক্ত্বা, মহাবাহুর্ভীমপরাক্রমশ্চ কৌন্তেয়ো ভীমঃ, সহসা উৎপত্য উত্থায় প্রহস্য চ তং কীচকমুবাচ ॥৪৬॥

অদ্যেতি। হে পাপ! অদ্য ভগিনী ত্বৎস্বসা সুদেষ্ণা, সিংহেন কৃষ্যমাণম্, মহাদ্বিপং মহাহস্তিনমিব, ময়া ভুবি কৃষ্যমাণম্, অদ্রিপ্রতীকাশং পর্ব্বততুল্যং ত্বাং দ্রক্ষ্যতি ॥৪৭॥

নিরিতি। ময়া ত্বয়ি হতে সতি, সৈরিন্ধ্রী নিরাবাধা নিরুপদ্রবা সতী বিচরিষ্যতি, তথা সৈরিন্ধ্রীপতয়োঽপি সুখমেব চরিষ্যন্তি ॥৪৮॥

ভীম বলিলেন—"কীচক! তুমি আমার ভাগ্যেই সুদৃশ্য হইয়াছ এবং আমার ভাগ্যেই আত্মপ্রশংসা করিতেছ; আর আমিও কখনই এরূপ স্পর্শ পূর্ব্বে অনুভব করি নাই" ॥৪৫॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়াই মহাবাহু ও ভয়ঙ্করপরাক্রমশালী কুন্তীনন্দন ভীমসেন তৎক্ষণাৎ উঠিয়া হাস্য করিয়া কীচককে বলিলেন—॥৪৬॥

"পাপিষ্ঠ! সিংহ যেমন পর্ব্বতপ্রমাণ মহাহস্তীকে ভূতলে ফেলিয়া আকর্ষণ করে, আমিও আজ সেইরূপ তোকে ভূতলে ফেলিয়া আকর্ষণ করিব এবং সেই অবস্থায় তোর ভগিনী তোকে দর্শন করিবে" ॥৪৭॥

তা'র পর, আমি তোকে বধ করিলে, সৈরিন্ধ্রী নিরুপদ্রবে বিচরণ করিবে এবং সৈরিন্ধ্রীর স্বামীরাও সুখে বিচরণ করিবেন ॥৪৮॥

---

(৪৫)…স্পৃষ্টঃ পূর্ব্বো ন কর্হিচিৎ—প্র,…স্পৃষ্টপূর্ব্বো ন কর্হিচিৎ—বা ব রা ম। ইতঃ পরম্ 'স্পর্শং বেৎসি বিদগ্ধস্ত্বং কামধর্ম্মবিচক্ষণঃ। স্ত্রীণাং প্রীতিকরো নান্যস্ত্বৎসমঃ পুরুষস্ত্বিহ॥' ইতি শ্লোকোঽধিকঃ—প্র বা ব রা ম। (৪৬)…প্রহস্যেদমুবাচ হ—বা ব রা ম ভা। (৪৭)…ভগিনী পাপম্—বা ব রা ম ভা।

ততো জগ্রাহ কেশেষু মাল্যবৎসু মহাবলঃ।
স কেশেষু পরামৃষ্টো বলেন বলিনাং বরঃ।
আক্ষিপ্য কেশান্ বেগেন বাহ্বোর্জগ্রাহ পাণ্ডবম্ ॥৪৯॥
বাহুযুদ্ধং তয়োরাসীৎ ক্রুদ্ধয়োর্নরসিংহয়োঃ।
বসন্তে বাসিতাহেতোর্বলবদ্‌গজয়োরিব ॥৫০॥
অন্যোন্যজয়সংরম্ভাৎ পরস্পরবধৈষিণোঃ।
বালিসুগ্রীবয়োর্ভ্রাত্রোঃ পুরেব কপিসিংহয়োঃ ॥৫১॥
ততঃ সমুদ্যম্য ভুজৌ পঞ্চশীর্ষাবিবোরগৌ।
নখদংষ্ট্রাভিরন্যোন্যং ঘ্নতঃ ক্রোধবিষোদ্ধতৌ ॥৫২॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো মহাবলো ভীমঃ, মাল্যবৎসু কেশেষু কীচকং জগ্রাহ। ততঃ কেশেষু পরামৃষ্টো ধৃতঃ, বলিনাং বরঃ স কীচকোঽপি বলেনৈব স্বান্ কেশান্ আক্ষিপ্য মস্তকধূননেনাকৃষ্য নীত্বা, বেগেন বাহ্বোঃ পাণ্ডবং ভীমং জগ্রাহ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

বাহ্বিতি। ততো বসন্তে কালে, বাসিতাহেতোঃ করিণীনিমিত্তম্, বলবদ্‌গজয়োরিব, ক্রুদ্ধয়োস্তয়োঃ নরসিংহয়োর্মানবশ্রেষ্ঠয়োঃ বাহুযুদ্ধমাসীৎ ॥৫০॥

অন্যোন্যেতি। অন্যোন্যজয়সংরম্ভাৎ পরস্পরজয়াভিলাষাৎ, পরস্পরবধৈষিণোর্ভীমকীচকয়োঃ পুরা, কপিসিংহয়োর্বানরশ্রেষ্ঠয়োঃ, ভ্রাত্রোর্বালিসুগ্রীবয়োরিব যুদ্ধমাসীদিতি শেষঃ ॥৫১॥

তাহার পর মহাবল ভীমসেন কীচকের মাল্যভূষিত কেশপাশ ধারণ করিলেন; তখন বলিশ্রেষ্ঠ কীচকও কেশে আকৃষ্ট হইয়া বলপূর্ব্বক সেই কেশ ছাড়াইয়া লইয়া বেগে ভীমের বাহুযুগল ধারণ করিল ॥৪৯॥

তখন বসন্তকালে হস্তিনীর জন্য বলবান্ হস্তিদ্বয়ের ন্যায় ক্রুদ্ধ ও নরশ্রেষ্ঠ ভীম ও কীচকের বাহুযুদ্ধ হইতে লাগিল ॥৫০॥

ভীম ও কীচক পরস্পর জয়াভিলাষবশতঃ পরস্পরই বধাভিলাষী হইয়াছিলেন; সুতরাং পূর্ব্বকালে বানরশ্রেষ্ঠ বালী ও সুগ্রীবের তুল্যই তাঁহাদের যুদ্ধ হইতে লাগিল ॥৫১॥

তদনন্তর বিষতুল্য ক্রোধে উন্মত্ত ভীম ও কীচক, পঞ্চমস্তক সর্পদ্বয়ের ন্যায় বাহুদ্বয় উত্তোলন করিয়া দন্তের ন্যায় নখদ্বারা পরস্পরকে আঘাত করিতে লাগিলেন ॥৫২॥

---

(৪৯) অস্য দ্বিতীয়ার্দ্ধং ভা নাস্তি। (৫১) ইতঃ পূর্ব্বম্ 'কীচকানাস্তু মুখ্যস্য নরাণামুত্তমস্য চ' ইত্যর্দ্ধমধিকম্—প্র বা ব রা ম,…পুরা বা নরসিংহয়োঃ—ভা। (৫২) ততঃ 'সংহত্য মুষ্টিং পঞ্চশীর্ষ ইবোরগম্। বেগেনাভিহতো ভীমঃ কীচকেন বলীয়সা ॥—ভা।

বেগেনাভিহতো ভীমঃ কীচকেন বলীয়সা।
স্থিরপ্রতিজ্ঞঃ স রণে পদান্ন চলিতঃ পদম্ ॥৫৩॥
তাবন্যোন্যং সমাশ্লিষ্য প্রকর্ষন্তৌ পরস্পরম্।
উভাবপি প্রকাশেতে প্রবৃদ্ধৌ বৃষভাবিব ॥৫৪॥
তয়োরাসীৎ স তুমুলঃ সম্প্রহারঃ সুদারুণঃ।
নখদংষ্ট্রায়ুধবতোর্ব্যাঘ্রয়োরিব দৃপ্তয়োঃ ॥৫৫॥
অভিপত্যাথ বাহুভ্যাং প্রত্যগৃহ্লাদমর্ষিতঃ।
মাতঙ্গ ইব মাতঙ্গং প্রভিন্নকরটামুখম্ ॥৫৬॥

ভাবতকৌমুদী

তত ইতি। ততঃ, ক্রোধো বিষমিবেতি ক্রোধবিষং তেন উদ্ধতৌ উন্মত্তৌ ভীমকীচকৌ, পঞ্চশীর্ষৌ, এতেন প্রসারিতপঞ্চাঙ্গুলিকাবিতি ব্যজ্যতে, উরগৌ সর্পাবিব, ভুজৌ, সমুত্থাপ্য সমুত্তোল্য নখানি দংষ্ট্রা ইব তাভিঃ, অন্যোন্যং ঘ্নতঃ প্রহরতঃ স্ম ॥৫২॥

বেগেনেতি। রণে জযায স্থিরপ্রতিজ্ঞঃ স ভীমঃ, বলীয়সা কীচকেন বেগেনাভিহত-স্তাড়িতোঽপি সন্, পদাৎ পদমপি চলিতো নাভবৎ ॥৫৩॥

তাবিতি। তাবুভাবপি ভীমকীচকৌ, অন্যোন্যং সমাশ্লিষ্য পরস্পরং প্রকর্ষন্তৌ আকর্ষন্তৌ সন্তৌ, প্রবৃদ্ধৌ বলবন্তৌ বৃষভাবিব প্রকাশেতে স্ম ॥৫৪॥

তয়োরিতি। দৃপ্তয়োর্গর্ব্বিতয়োঃ, তয়োর্ভীমকীচকয়োঃ, নখদংষ্ট্রায়ুধবতোর্ব্যাঘ্রয়োরিব, স সম্প্রহারো যুদ্ধম্, তুমুলঃ সুদারুণশ্চাসীৎ ॥৫৫॥

অভীতি। অথ অমর্ষিতঃ ক্রুদ্ধঃ কীচকঃ, অভিপত্য অভিগত্য, বাহুভ্যাম্, মাতঙ্গো হস্তী, প্রভিন্নং মদস্রাবি করটামুখং গণ্ডোপরিভাগো যস্য তম্, মাতঙ্গম্ অপরং হস্তিনমিব, প্রত্যগৃহ্লাৎ ভীমমধারয়ৎ। "কাকেভগণ্ডৌ করটৌ" ইত্যমরঃ। স্ত্রীত্বমার্ষম্ ॥৫৬॥

ভারতভবাদীপঃ

যদর্জ্জিতং ধনাদি তৎ সর্ব্বং তে তুভ্যং প্রাপিতং দত্তমিতি সম্বন্ধঃ ॥৪৩॥ অতঃপরং ত্বাং সমুদ্দিশ্যাহমত্রাগতোঽস্মি। প্রশংসন্তি ত্বয়াহং বৃত ইতি হেতোরিত্যভিপ্রায়ঃ ॥৪৪—৪৭॥

তাহার পর বলবান্ কীচক বেগে ভীমকে আঘাত করিলেও স্থিরপ্রতিজ্ঞ ভীম যুদ্ধে আপন স্থান হইতে একপদও সরিলেন না ॥৫৩॥

তৎপরে তাঁহারা দুই জনই পরস্পর আলিঙ্গন করিয়া পরস্পর আকর্ষণ করিতে থাকিয়া বলবান্ দুইটা বৃষের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৫৪॥

ক্রমে নখ ও দন্তরূপ অস্ত্রশালী দুইটা ব্যাঘ্রের ন্যায় গর্ব্বিত ভীম ও কীচকের সেই যুদ্ধ তুমুল ও অতিভীষণ হইয়া উঠিল ॥৫৫॥

---

(৫২) (৫৩) শ্লোকয়োদ্বিতীযার্দ্ধদ্বয়ং ভা নাস্তি। (৫৫)...সুতুমুলঃ স প্রহারঃ—প্র। (৫৬)...প্রত্যগৃহ্লাদমর্ষতঃ—ভা।

স চাপ্যেনং তদা ভীমঃ প্রতিজগ্রাহ বীর্য্যবান্।
তমাক্ষিপৎ কীচকোঽথ বলেন বলিনাং বরঃ ॥৫৭॥
তয়োর্ভুজবিনিষ্পেষাদুভয়োর্বলিনোস্তদা।
শব্দঃ সমভবদ্‌ঘোরো বেণুস্ফোটসমো যুধি ॥৫৮॥
অথৈনমাক্ষিপ্য বলাদ্‌গৃহমধ্যে বৃকোদরঃ।
ধূনয়ামাস বেগেন বায়ুশ্চণ্ড ইব দ্রুমম্ ॥৫৯॥
স ভীমেন পরামৃষ্টো দুর্ব্বলো বলিনা রণে।
ব্যস্পন্দত যথাপ্রাণং বিচকর্ষ চ পাণ্ডবম্ ॥৬০॥

ভারতকৌমুদী

স ইতি। তদা বীর্য্যবান্ স ভীমোঽপি চ, এনং কীচকং প্রতিজগ্রাহ। অথ বলিনাং বরঃ কীচকঃ বলেন তং ভীমম্ আক্ষিপৎ ॥৫৭॥

তয়োরিতি। তদা বলিনোস্তয়োরুভয়োঃ, ভুজবিনিষ্পেষাৎ বাহুসংঘর্ষাৎ, যুধি যুদ্ধস্থানে, বেণুস্ফোটসমঃ বংশবিদারণশব্দতুল্যঃ, ঘোরঃ শব্দঃ সমভবৎ ॥৫৮॥

অথেতি। অথ বৃকোদরো বলাদেনং কীচকং গৃহমধ্যে আক্ষিপ্য, চণ্ডো বায়ুর্দ্রুমমিব, বেগেন, ধূনয়ামাস চালয়ামাস ॥৫৯॥

স ইতি। বলিনা ভীমেন, পরামৃষ্টঃ সঞ্চালিতঃ, স কীচকঃ, রণে, দুর্ব্বলো ভবন্নপি, ব্যস্পন্দত জেতুমচেষ্টত, যথাপ্রাণং যথাবলম্, পাণ্ডবং ভীমং বিচকর্ষ চ ॥৬০॥

তাহার পর একটা হস্তী যেমন অপর মদস্রাবী হস্তীকে শুণ্ডদ্বারা ধারণ করে, সেইরূপ ক্রুদ্ধ কীচক বেগে যাইয়া বাহুযুগলদ্বারা ভীমকে ধারণ করিল ॥৫৬॥

তখন বলবান্ ভীমসেনও কীচককে ধারণ করিলেন; তৎপরে বলিশ্রেষ্ঠ কীচক বলপূর্ব্বক ভীমসেনকে ধাক্কা দিল ॥৫৭॥

তখন বলবান্ ভীম ও কীচক দুই জনেরই বাহুসংঘর্ষে যুদ্ধস্থানে বংশবিদারণের (বাঁশফোটার) শব্দের ন্যায় ভীষণ শব্দ হইতে লাগিল ॥৫৮॥

তাহার পর ভীমসেন বলপূর্ব্বক কীচককে একটা ধাক্কা দিয়া, ভীষণ ঘূর্ণী বায়ু যেমন বৃক্ষকে ঘূর্ণিত করে, সেইরূপ কীচককে ধরিয়া গৃহমধ্যে বেগে ঘূর্ণিত করিতে লাগিলেন ॥৫৯॥

বলবান্ ভীমসেন ঘূর্ণিত করিতে থাকিলে, কীচক যুদ্ধে ক্রমশঃ দুর্ব্বল হইতে থাকিয়াও জয়ের জন্য চেষ্টা করিতে থাকিল এবং তৎকালীন বল অনুসারে ভীমকে আকর্ষণ করিতে লাগিল ॥৬০॥

(৫৭)...সমাক্ষিপৎ...বলবদ্বলিনাং বরঃ—ভা। (৬)...বিস্পন্দত...বিকর্ষত চ—ভা।

ঈষদাগলিতং হস্তাৎ ক্রোধাচ্চলপদং স্থিতম্।
কীচকো বলবান্ ভীমং জানুভ্যামাক্ষিপদ্ভুবি ॥৬১॥
পাতিতো ভুবি ভীমস্তু কীচকেন বলীয়সা।
উৎপপাতাথ বেগেন দণ্ডপাণিরিবান্তকঃ ॥৬২॥
স্পর্দ্ধমানৌ বলোন্মত্তৌ তাবুভৌ সূতপাণ্ডবৌ।
নিশীথে পর্য্যকর্ষেতাং বলিনৌ নিশি নির্জ্জনে ॥৬৩॥
ততস্তদ্ভবনশ্রেষ্ঠং প্রাকম্পত মুহুর্মুহুঃ।
বলবচ্চাপি সংক্রুদ্ধাবন্যোন্যং তাবগর্জ্জতাম্ ॥৬৪॥

ভাবতকৌমুদী

ঈষদিতি। বলবান্ কীচকঃ, হস্তাৎ ঈষদাগলিতং ভ্রষ্টম্, ক্রোধাৎ চলপদং চলচ্চবণং যথা স্যাত্তথা স্থিতং ভীমম্, জানুভ্যাং জানুদ্বযাঘাতেন, ভুবি আক্ষিপৎ ন্যপাতযৎ ॥৬১॥

পাতিত ইতি। অথ বলীযসা কীচকেন ভুবি পাতিতো ভীমস্তু, দণ্ডপাণিবন্তকো যম ইব, বেগেন, উৎপপাত উত্তস্থৌ ॥৬২॥

স্পর্দ্ধেতি। স্পর্দ্ধমানৌ, বলোন্মত্তৌ মানসিকবলেনাস্থিরচিত্তৌ, বলিনৌ কাযিকবলশালিনৌ চ, তাবুভৌ সূতপাণ্ডবৌ, নিশি নিশীথে তদর্দ্ধসমযে, নির্জ্জনে পর্য্যকর্ষেতাম্ ॥৬৩॥

তত ইতি। ততঃ, তৎ ভবনশ্রেষ্ঠম্, মুহুর্মুহুঃ প্রাকম্পত, তযোঃ সংঘর্ষাদিতি ভাবঃ। সংক্রুদ্ধৌ তাবপি অন্যোন্যং বলবদত্যন্তম্, অগর্জ্জতাঞ্চ ॥৬৪॥

ভাবতভাবদীপঃ

বাসিতাহেতোর্হস্তিনীনিমিত্তম্ ॥৫০—৫৫॥ করটামুখং গণ্ডস্থলস্থং মদনির্গমস্থানম্। "কবটো গজগণ্ডে স্যাৎ" ইতি মেদিনী ॥৫৬—৬০॥ আকলিতমাক্রান্তম্, দ্রুতপদং চলিতস্থানং যথা

তখন ভীমসেন কীচকের হস্ত হইতে অল্প নির্গত হইয়া ক্রোধে চঞ্চল চবণে দাঁড়াইলে, বলবান্ কীচক জানুযুগলের আঘাতে তাঁহাকে ভূতলে নিক্ষেপ করিল ॥৬১॥

বলবান্ কীচক ভীমসেনকে ভূতলে নিপাতিত করিলে, ভীমসেন দণ্ডহস্ত যমেব ন্যায বেগে গাত্রোত্থান করিলেন ॥৬২॥

তাহাব পর স্পর্দ্ধাকাবী, বলোন্মত্ত ও বলবান্ সেই কীচক ও ভীমসেন দুই জনই অর্দ্ধরাত্রসময়ে সেই নির্জ্জনস্থানে পবস্পব আকর্ষণ করিতে লাগিলেন ॥৬৩॥

তখন সেই উৎকৃষ্ট নৃত্যশালা মুহুর্মুহু কম্পিত হইতে লাগিল; আর ভীম এবং কীচকও ক্রুদ্ধ হইয়া পবস্পর গুরুতব গর্জ্জন কবিতে লাগিলেন ॥৬৪॥

(৬৩) স্পর্দ্ধয়া চ বলোন্মত্তৌ—প্র বা ব রা ম। (৬৪) ততস্তভবনং শ্রেষ্ঠম্—প্র বা ব রা ম।

তলাভ্যাং স তু ভীমেন বক্ষস্যভিহতো বলী।
কীচকো রোষসংরব্ধঃ পদান্ন চলিতঃ পদম্ ॥৬৫॥
মুহূর্ত্তন্তু স তং বেগং সহিত্বা ভুবি দুঃসহম্।
বলাদহীয়ত তদা সূতো ভীমবলার্দ্দিতঃ ॥৬৬॥
তং হীয়মানং বিজ্ঞায় ভীমসেনো মহাবলঃ।
বক্ষস্যানীয় বেগেন মমর্দ্দৈনং বিচেতসম্ ॥৬৭॥
ক্রোধাবিষ্টো বিনিশ্বস্য পুনশ্চৈনং বৃকোদরঃ।
জগ্রাহ জয়তাং শ্রেষ্ঠঃ কেশেষ্বেব তদা ভৃশম্ ॥৬৮॥
গৃহীত্বা কীচকং ভীমো বিরুরাব মহাবলঃ।
শার্দ্দূলঃ পিশিতাকাঙ্ক্ষী গৃহীত্বেব মহামৃগম্ ॥৬৯॥

ভারতকৌমুদী

তলাভ্যামিতি। রোষেণ সংরব্ধ উদ্ধতীভূতঃ বলী স কীচকস্তু, ভীমেন, তলাভ্যাং করতলদ্বয়েন, বক্ষসি অভিহতঃ সন্নপি, পদাৎ পদমপি ন চলিতঃ ॥৬৫॥

মুহূর্ত্তমিতি। ন স্থতঃ কীচকঃ তদা ভুবি মুহূর্ত্তং তং ভীমাঘাতজনিতং দুঃসহং বেগং সহিত্বা ভীমবলার্দ্দিতঃ সন্ ক্রমেণ বলাদহীবত বিচ্যুতোঽভবৎ ॥৬৬॥

তমিতি। মহাবলো ভীমসেনস্তু তং কীচকং হীয়মানং বলাদ্বিচ্যবমানং বিজ্ঞায় বেগেন বিচেতসম্-অচেতনপ্রায়ম্ এনং কীচকং বক্ষসি আনীয় মমর্দ্দ ॥৬৭॥

ক্রোধেতি। জয়তাং শ্রেষ্ঠো বৃকোদরঃ ক্রোধাবিষ্টঃ সন্ বিনিশ্বস্য তদা পুনশ্চ এনং কীচকম্, ভৃশং কেশেষ্বেব জগ্রাহ ॥৬৮॥

গৃহীত্বেতি। মহাবলো ভীমঃ কীচকং গৃহীত্বা, মহামৃগং গৃহীত্বা পিশিতাকাঙ্ক্ষী মাংসভোজনাভিলাষী শার্দ্দূলো ব্যাঘ্র ইব বিরুরাব জগর্জ্জ ॥৬৯॥

তাহার পর ভীমসেন হস্তযুগলদ্বারা কীচকের বক্ষঃস্থলে আঘাত করিলেও ক্রোধোদ্ধত বলবান্ কীচক স্বস্থান হইতে একপদস্থানও সরিল না ॥৬৫॥

কিন্তু কীচক তখন মুহূর্ত্তকালমাত্র ভূতলে থাকিয়া সেই দুঃসহ বেগ সহ্য করিয়া ক্রমে ভীমের বলে পীড়িত হইতে থাকিয়া বলহীন হইতে লাগিল ॥৬৬॥

মহাবল ভীমসেন কীচককে ক্রমে বলহীন জানিয়া অচেতনপ্রায় অবস্থায় তাহাকে বেগে বক্ষে আনয়ন করিয়া মর্দ্দন করিতে থাকিলেন ॥৬৭॥

বিজয়িশ্রেষ্ঠ ভীমসেন ক্রোধাবিষ্ট হইয়া নিশ্বাস ত্যাগ করিয়া তখন আবারও দৃঢ়ভাবে কীচকের কেশাকর্ষণ করিলেন ॥৬৮॥

তাহার পর মাংসভোজনাভিলাষী ব্যাঘ্র যেমন মহামৃগ ধারণ করিয়া গর্জ্জন-

---

(৬৭)...বক্ষস্যাহত্য বেগেন মমর্দ্দৈনম্—ভা।

ততঃ এনং পরিশ্রান্তমুপলভ্য বৃকোদরঃ।
যোজয়ামাস বাহুভ্যাং পশুং রশনয়া যথা ॥৭০॥
নদন্তঞ্চ মহানাদং ভিন্নভেরীসমস্বনম্।
ভ্রাময়ামাস সুচিরং বিস্ফুরন্তমচেতসম্ ॥৭১॥
প্রগৃহ্য তরসা দোর্ভ্যাং কণ্ঠং তস্য বৃকোদরঃ।
অপীড়য়ত কৃষ্ণায়াস্তদা কোপোপশান্তয়ে ॥৭২॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো বৃকোদরঃ, এনং কীচকম্, পরিশ্রান্তম্, উপলভ্য জ্ঞাত্বা, যথা রশনয়া রজ্জ্বা পশুং গলে যোজয়তি, তথা বাহুভ্যাং গলে যোজয়ামাস ববন্ধ ॥৭০॥

নদন্তমিতি। মহান্ নাদো যস্মিন্ তৎ, ভিন্না বিদীর্ণা যা ভেরী তস্যাস্তচ্ছব্দস্য সমঃ সমানঃ স্বনঃ শব্দো যস্মিন্ তত্তাদৃশঞ্চ যথা স্যাত্তথা, নদন্তং শব্দায়মানম্, বিস্ফুরন্তং স্পন্দমানম্, অচেতসমচেতনঞ্চ কীচকম্, সুচিরং ভ্রাময়ামাস ভীমঃ ॥৭১॥

প্রেতি। তদা বৃকোদরঃ, কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ কোপোপশান্তয়ে, দোর্ভ্যাং বাহুভ্যাম্, তরসা বলেন, প্রগৃহ্য ধৃত্বা, তস্য কীচকস্য কণ্ঠম্ অপীড়য়ত ॥৭২॥

ভারতভাবদীপঃ

স্যাৎ তথা স্থিতম্ ॥৬১—৬৫॥ সহিত্বা সোঢ়্বা বলাদহীয়ত বলহীনোঽভূৎ ॥৬৬॥ বক্ষস্থানীয়ানতং ভগ্নং কৃত্বা তন্নাভিনা তচ্ছিরঃ সংযোজ্যেত্যর্থঃ ॥৬৭—৬৮॥ গৃহীত্বা চেতি পাঠে ইবার্থে চঃ ॥৬৯॥ যোক্ত্রয়ামাস ববন্ধ, রশনয়া রজ্জ্বা ॥৭০—৭১॥ দোর্ভ্যাং পাণিভ্যাম্ ॥৭২॥

করে, সেইরূপ মহাবল ভীমসেন কীচককে ধারণ করিয়া গর্জ্জন করিতে লাগিলেন ॥৬৯॥

তৎপরে মানুষ যেমন রজ্জুদ্বারা পশুর গলদেশ বন্ধন করে, সেইরূপ ভীমসেন কীচককে পরিশ্রান্ত বুঝিয়া বাহুদ্বারা তাহার গলদেশ বন্ধন করিলেন ॥৭০॥

কীচক তখন ছট্‌ফট্ করিতে লাগিল, অচেতন হইয়া পড়িল এবং বিদীর্ণ ভেরীর ন্যায় গুরুতর শব্দ করিতে থাকিল, সেই অবস্থায় ভীমসেন তাহাকে ভূতলে অনেক সময় ভ্রমণ করাইলেন ॥৭১॥

পরে ভীমসেন দ্রৌপদীর ক্রোধনিবৃত্তির জন্য বাহুযুগলদ্বারা বলপূর্ব্বক ধারণ করিয়া কীচকের গলদেশ পীড়ন করিতে থাকিলেন ॥৭২॥

---

(৭০)···যোক্ত্রয়ামাস বাহুভ্যাম্—প্র রা ম। (৭১)···ভিন্নভেরীমহাস্বনম্—ভা। (৭২) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'আক্রম্য চ কটীদেশে জানুনা কীচকাধমম্' ইতি পাদদ্বয়মধিকম্—প্র বা ব রা।

অথ তং ভগ্নসর্ব্বাঙ্গং ব্যাবিদ্ধনয়নাম্বরম্ ।
অপীড়য়ত বাহুভ্যাং পশুমারমমারয়ৎ ॥৭৩॥
তং বিষীদন্তমাজ্ঞায় কীচকং পাণ্ডুনন্দনঃ ।
ভূতলে ভ্রাময়ামাস বাক্যঞ্চেদমুবাচ হ ॥৭৪॥
অদ্যাহমনৃণো ভূত্বা ভ্রাতুর্ভার্য্যাপ্রহারিণম্ ।
শান্তিং লব্ধাস্মি পরমাং হত্বা সৈবিন্ধ্রিকণ্টকম্ ॥৭৫॥
ইত্যেবমুক্ত্বা পুরুষপ্রবীরস্তং কীচকং ক্রোধসরাগনেত্রঃ ।
আস্রস্তবস্ত্রাভরণং স্ফুরন্তমুদ্ভ্রান্তনেত্রং ব্যসুমুৎসসর্জ্জ ॥৭৬॥

ভাবতকৌমুদী

অথেতি। অথ বৃকোদরঃ, বাহুভ্যাম্, ভগ্নসর্ব্বাঙ্গম্, ব্যাবিদ্ধে চৈতন্যলোপাৎ সঙ্কুচিতে নয়নাম্বরে নেত্রাববণচর্ম্মদ্বয়ং যস্য তং তাদৃশঞ্চ, তং কীচকম্, অপীড়য়ত, পশুমিব মারয়িত্বা প্রহৃত্যেতি পশুমারম্। "কর্ম্মণি চোপমানে" ইতি ণম্। অমারয়চ্চ ॥৭৩॥

তমিতি। পাণ্ডুনন্দনো ভীমঃ, তং কীচকম্, বিষীদন্তং বিশেষেণাবসীদন্তমাজ্ঞায, ভূতলে ভ্রামযামাস, ইদং বাক্যমুবাচ চ। হশব্দঃ পাদপূবণে ॥৭৪॥

অদ্যেতি। অদ্য অহম্, ভার্য্যাং দ্রৌপদীং প্রহরতি চরণেন তাডযতীতি তম্, অতএব সৈবিন্ধ্র্যা দ্রৌপদ্যাঃ কণ্টকং শত্রুং কীচকম্, "যাকাবৌ স্ত্রীকৃতৌ হ্রস্বৌ ক্বচিৎ" ইতি হ্রস্বত্বম্, হত্বা, তেনৈব চ ভ্রাতৃভর্ত্তৃবর্গস্য অনৃণো ভূত্বা, পরমাং শান্তিং লব্ধাস্মি ॥৭৫॥

ইতীতি। ক্রোধেন সরাগে রক্তবর্ণে নেত্রে যস্য স তথোক্তঃ, পুরুষপ্রবীরো ভীমঃ, ইত্যেবমুক্ত্বা, আস্রস্তানি সংঘর্ষাৎ স্খলিতানি বস্ত্রাভরণানি যস্য তম্, স্ফুরন্তং স্পন্দমানম্, উদ্ভ্রান্তনেত্রং ঘূর্ণিতনযনম্, ক্রমাৎ ব্যসুং বিগতপ্রাণঞ্চ, তং কীচকম্, উৎসসর্জ্জ তত্যাজ ॥৭৬॥

কীচকেব সমস্ত অঙ্গ পূর্ব্বেই ভগ্ন হইয়াছিল; আর নয়নের আবরণ তখন সঙ্কুচিত হইয়া আসিতেছিল; এই অবস্থায়ও ভীমসেন বাহুযুগলদ্বারা তাহাকে পীড়ন করিতে লাগিলেন; পবে পশুর ন্যায় তাহাকে মাবিয়া ফেলিলেন ॥৭৩॥

কীচক অবসন্ন হইয়া পড়িয়াছে—ইহা বুঝিয়া ভীমসেন তাহাকে আবারও ভূতলে ভ্রমণ করাইলেন এবং এই কথা বলিলেন—॥৭৪॥

"ভার্য্যার উপরে পদাঘাতকারী এবং সৈরিন্ধ্রীরূপিণী সেই ভার্য্যাব শত্রু কীচককে বধ করিয়া আজ আমি ভ্রাতাদেব নিকট অনৃণী হইয়া পবম শান্তি লাভ করিব" ॥৭৫॥

এই কথা বলিয়া ক্রোধে আরক্তনয়ন পুরুষপ্রধান ভীমসেন সেই কীচককে

(৭৪)…ভূতলে ভ্রামযিত্বা তু বাক্যমেতদুবাচ হ—ভা। (৭৫)…ভ্রাতৃভার্য্যাপহারিণম্—প্র, …ভ্রাতুর্ভার্য্যাপহাবিণম্—বা ব রা ম,…সৌখ্যং প্রাপ্স্যামি পরমম্—ভা। (৭৬) অযং শ্লোকঃ ভা নাস্তি,…উদ্ভ্রান্তচিত্তম্—প্র।

নিষ্পিষ্য পাণিনা পাণিং সন্দষ্টৌষ্ঠপুটো বলী।
সমাক্রম্য চ সংক্রুদ্ধো বলেন বলিনাং বরঃ ॥৭৭॥
তস্য পাদৌ চ পাণী চ শিরো গ্রীবাঞ্চ সর্ব্বশঃ।
কায়ে প্রবেশয়ামাস পশোরিব পিনাকধৃক্ ॥৭৮॥ (যুগ্মকম্)
তং সম্মথিতসর্ব্বাঙ্গং মাংসপিণ্ডোপমং কৃতম্।
কৃষ্ণায়ৈ দর্শয়ামাস ভীমসেনো মহাবলঃ ॥৭৯॥
উবাচ চ মহাতেজা দ্রৌপদীং পাণ্ডুনন্দনঃ।
পশ্যৈনমেহি পাঞ্চালি! কামুকোঽয়ং যথা কৃতঃ ॥৮০॥

ভারতকৌমুদী

নিষ্পিষ্যেতি। সংক্রুদ্ধঃ, বলী মানসবলবান্, বলিনাং কায়িকবলবতাং বরশ্চ ভীমঃ, সন্দষ্টৌষ্ঠপুটঃ সন্, আত্মন এব পাণিনা পাণিং নিষ্পিষ্য। বীরস্বভাবোঽয়ম্। পুনঃ কীচকং সমাক্রম্য চ, পিনাকধৃক্ শিবঃ, পশোর্গজাসুরস্যেব, তস্য কীচকস্য পাদৌ চ, পাণী চ, শিরো গ্রীবাঞ্চ, তস্যৈব কায়ে, বলেন প্রবেশয়ামাস ॥৭৭—৭৮॥

তমিতি। মহাবলো ভীমসেনঃ, সম্মথিতসর্ব্বাঙ্গং মাংসপিণ্ডোপমং কৃতং তং কীচকম্, কৃষ্ণায়ৈ আহূয় দ্রৌপদ্যৈ দর্শয়ামাস ॥৭৯॥

পরিত্যাগ করিলেন; তখন কীচকের বস্ত্র ও অলঙ্কার সকল খুলিয়া পড়িয়াছিল, সমস্ত অঙ্গ ছট্‌ফট্ করিতেছিল, নয়ন ঘুরিতেছিল, এবং প্রাণ বাহির হইয়া গিয়াছিল ॥৭৬॥

তাহার পর মানসিকবলশালী ও কায়িক-বলিশ্রেষ্ঠ ক্রুদ্ধ ভীমসেন ওষ্ঠপুট-দংশনপূর্ব্বক হস্তে হস্ত নিষ্পেষণ করিয়া পুনরায় কীচককে আক্রমণপূর্ব্বক—পূর্ব্বকালে মহাদেব যেমন গজাসুরের করিয়াছিলেন, তেমনই কীচকের পদদ্বয়, হস্তদ্বয়, মস্তক ও গ্রীবাটাকে তাহার শরীরের ভিতরে সমস্তটুকুই প্রবেশ করাইয়া দিলেন ॥৭৭—৭৮॥

তৎপরে মহাবল ভীমসেন দ্রৌপদীকে ডাকিয়া তাঁহাকে মথিতসর্ব্বাঙ্গ এবং মাংসপিণ্ডের ন্যায় কৃত সেই কীচককে দেখাইলেন ॥৭৯॥

---

(৭৭)…সন্দষ্টৌষ্ঠবলীয়সা—ভা, ইতঃ পরম্ 'অভ্যাহনন্মহারাজ! পাদাষ্ঠীলৈঃ সুদারুণৈঃ' ইত্যর্দ্ধমধিকম্—প্র। (৭৮)…কটিগ্রীবাঞ্চ সর্ব্বশঃ—ভা। (৮০)…পশ্যেমম্—ভা। ইতঃ পরম্ 'এবমুক্ত্বা মহাতেজা ভীমো ভীমপরাক্রমঃ। পাদেন পীড়য়ামাস তস্য কায়ং দুরাত্মনঃ॥ ততোঽগ্নিং তত্র প্রজ্বাল্য দর্শয়িত্বা চ কীচকম্। পাঞ্চালীং স তদা বীর ইদং বচনমব্রবীৎ॥ প্রার্থয়ন্তি সুকেশান্তে! যে ত্বাং শীলগুণান্বিতাম্। এবং তে ভীরু! বধ্যন্তে কীচকঃ শোভতে যথা॥ তৎ কৃত্বা দুষ্করং কর্ম্ম কৃষ্ণায়াঃ প্রিয়মুত্তমম্।' ইতি সার্দ্ধশ্লোকত্রয়মধিকম্—প্র বা ব রা ম।

তথা স কীচকং হত্বা গত্বা রোষস্য বৈ শমম্ ।
আমন্ত্র্য দ্রৌপদীং ভূয়ঃ ক্ষিপ্রমায়ান্মহানসম্ ॥৮১॥
কীচকং ঘাতয়িত্বা তু দ্রৌপদী যোষিতাং বরা ।
প্রহৃষ্টা গতসন্ত্রাসা সভাপালানুবাচ হ ॥৮২॥
কীচকোঽয়ং হতঃ শেতে গন্ধর্ব্বৈঃ পতিভির্মম ।
পরস্ত্রীকামসংমত্তস্তদাগচ্ছত পশ্যত ॥৮৩॥

ভারতকৌমুদী

উবাচেতি। মহাতেজাঃ পাণ্ডুনন্দনো ভীমঃ দ্রৌপদীমুবাচ চ। হে পাঞ্চালি! এহি, এনং পশ্য, অয়ং কামুকঃ কীচকো ময়া যথা কৃতঃ ॥৮০॥

তথেতি। স ভীমঃ, যথা তেন প্রকারেণ কীচকং হত্বা, রোষস্য শমং শান্তিং গত্বা, দ্রৌপদীমামন্ত্র্য অনুজ্ঞাপ্য, ভূয়ঃ পুনরপি ক্ষিপ্রং মহানসং পাকস্থানমায়াৎ ॥৮১॥

কীচকমিতি। যোষিতাং বরা দ্রৌপদী তু ভীমেন কীচকং ঘাতয়িত্বা, প্রহৃষ্টা গতসন্ত্রাসা তিরোহিতকীচকভয়া চ সতী গত্বা, সভাপালানুবাচ ॥৮২॥

কীচক ইতি। হে সভাপালাঃ! পরস্ত্রীকামসংমত্তঃ অযং কীচকঃ, মম পতিভির্গন্ধর্ব্বৈর্হতঃ সন্ শেতে ; যূযমাগচ্ছত তৎ পশ্যত চ ॥৮৩॥

ভারতভাবদীপঃ

ব্যাবিদ্ধে অতিপীডনাৎ অধঃক্ষিপ্তে নযনে নযনগোলকে অম্বরং বস্ত্রঞ্চ যস্য নয়নাকাশো বা, পশুমারং পশুং মারযিষ্বেবেতি যজ্ঞিযপশুবদিত্যর্থঃ ॥৭৩—৭৪॥ সৈরিন্ধ্রিকণ্টকং হ্রস্বত্বং সমাসনিমিত্তম্ ॥৭৫—৭৭॥ তস্য পাদৌ চেতি কাযে দেহমধ্যভাগে তৎ তন্নির্গমমার্গেণৈবা ন্তস্তঃ প্রবেশ্য। "যো অস্মৈ রেবান্ সুনোতি সোমং নিবরত্নৌ মঘবা তং দধাতি" ইতি শ্রুত-মরত্নৌ নির্দ্ধানমেতদেব জ্ঞেয়ম্, রেবান্ ধনবান্, নির্দ্ধানং নিকৃষ্য স্থাপনম্ ॥৭৮॥ কৃষ্ণাযাঃ দ্রৌপদ্যৈ

এবং মহাতেজা ভীমসেন দ্রৌপদীকে বলিলেন—"পাঞ্চালি! আইস, আমি এই কামুকটাকে যেরূপ করিয়াছি, তাহা দেখ" ॥৮০॥

পরে ভীমসেন সেইভাবে কীচককে বধ করিয়া, ক্রোধের শান্তি পাইয়া, দ্রৌপদীর অনুমতি লইয়া পুনর্বার সত্বর পাকস্থানে আসিলেন ॥৮১॥

আর নারীশ্রেষ্ঠ দ্রৌপদী কীচককে বধ করাইয়া আনন্দিত ও নির্ভয় হইয়া যাইয়া সভারক্ষকদিগকে বলিলেন—॥৮২॥

"সভারক্ষকগণ! পরস্ত্রীকামুক কীচক আমার পতি-গন্ধর্ব্বগণ-কর্ত্তৃক এই নিহত হইয়া শয়ন করিয়া রহিয়াছে ; তোমরা আইস এবং তাহা দেখ" ॥৮৩॥

(৮১)···রোষস্য নিষ্কৃতিম্—ভা। (৮২)···গতসন্তাপা—প্র বা ব রা ম। (৮৩)··· পরস্ত্রীকামসংমত্তং সমাগচ্ছত—ভা।

তচ্ছ্রুত্বা ভাষিতং তস্যা নর্ত্তনাগারক্ষিণঃ।
সহসৈব সমাজগ্মুরাদায়োল্কাঃ সহস্রশঃ ॥৮৪॥
ততো গত্বাথ তদ্দেশং কীচকং বিনিপাতিতম্।
গতাসুং দদৃশুর্ভূমৌ রুধিরেণ সমুক্ষিতম্ ॥৮৫॥
ক্বাস্য গ্রীবা ক্ব চরণৌ ক্ব পাণী ক্ব শিরস্তথা।
ইতি স্ম তং পরীক্ষন্তে গন্ধর্ব্বেণ হতং তদা ॥৮৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বণি কীচকবধে কীচকবধো নাম বিংশোঽধ্যায়ঃ ॥০॥ ※

ভারতকৌমুদী

তদিতি। তস্যা দ্রৌপদ্যাস্তদ্ভাষিতং শ্রুত্বা নর্ত্তনাগাররক্ষিণঃ পুরুষাঃ, সহসৈব সহস্রশঃ অনেকাঃ, উল্কা আদায় সমাজগ্মুঃ। সভাপালান্ প্রতি দ্রৌপদ্যা উক্তাবপি সভাং বিহায় তেষামাগমনাসম্ভবাৎ তৈর্জ্জাগরিতানাং নর্ত্তনাগারক্ষিণামেবাগমনম্। তথা বৃহৎপ্রাচীর-বহিঃস্থিতানাং নিদ্রিতানাঞ্চ নর্ত্তনাগাররক্ষিণাং ভীমকীচকয়োঃ সংঘর্ষশব্দাদিকমজ্ঞানতাং সভাপালপ্রবোধিতানামেব তৎপ্রাচীরান্তর্বর্ত্তিনর্ত্তনাগারাগমনমিতি কুত্রাপি নানুপপত্তিঃ ॥৮৪॥

তত ইতি। অথ তে নর্ত্তনাগাররক্ষিণঃ, ততঃ প্রাচীরদ্বারাৎ, তদ্দেশং নর্ত্তনাগারং গত্বা, ভূমৌ, রুধিরেণ সমুক্ষিতম্, বিনিপাতিতম্, গতাসুং নির্গতপ্রাণঞ্চ কীচকং দদৃশুঃ ॥৮৫॥

ভারতভাবদীপঃ

॥৭৯—৮৬॥ (পাঠান্তরে) সুকেশান্তে সুষ্ঠু কৌটিল্যেন বিরাজমানাঃ কেশাগ্রা যস্যাঃ শোভত ইত্যুপহাসঃ, এবমেব ধার্ত্তরাষ্ট্রান্মারয়িষ্যামীতি ভাবঃ ॥১॥ রোদস্ত শয়ন্ অগ্রং কর্ম্ম জাতত্বাৎ ॥২—৩॥

ইতি শ্রীমহাভারতে বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশোঽধ্যায়ঃ ॥২০॥

দ্রৌপদীর সেই কথা শুনিয়া নৃত্যশালারক্ষকেরা তৎক্ষণাৎ বহু বহু মশাল লইয়া সেইখানে আসিতে লাগিল ॥৮৪॥

এবং তাহারা তথা হইতে নৃত্যশালার ভিতরে যাইয়া ভূতলে পতিত, রক্তাক্ত ও প্রাণহীন অবস্থায় কীচককে দর্শন করিল ॥৮৫॥

একবিংশোঽধ্যায়ঃ ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ । *

তস্মিন্ কালে সমাগম্য সর্ব্বে তত্রাস্য বান্ধবাঃ ।
রুরুদুঃ কীচকং দৃষ্ট্বা পরিবার্য্য সমন্ততঃ ॥১॥
সর্ব্বে সংহৃষ্টরোমাণঃ সংত্রস্তাঃ প্রেক্ষ্য কীচকম্ ।
তথা সংভিন্নসর্ব্বাঙ্গং কূর্ম্মং স্থল ইবোদ্ধৃতম্ ॥২॥
পোথিতং ভীমসেনেন তমিন্দ্রেণেব দানবম্ ।
সংস্কারয়িতুমিচ্ছন্তো বাহর্নেতুং প্রচক্রমুঃ ॥৩॥

ভারতকৌমুদী

কেতি। তদা তে নর্ত্তনাগাররক্ষিণঃ, অস্য কীচকস্য গ্রীবা ক, চরণৌ ক, পাণী ক, তথা শিরশ্চ ক, ইত্যেবংক্রমেণ, গন্ধর্ব্বেণ হতং তং কীচকং পরীক্ষন্তে স্ম ॥৮৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি কীচকবধে বিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তস্মিন্নিতি। তস্মিন্ কালে রাত্রিশেষ এব, অস্য কীচকস্য সর্ব্বে বান্ধবাস্তত্র সমাগম্য, কীচকং দৃষ্ট্বা, সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু, পরিবার্য্য তং পরিবেষ্ট্য চ রুরুদুঃ ॥১॥

সর্ব্ব ইতি। সর্ব্বে, তথা সংভিন্নানি সংভিদ্য ভঙ্ক্ত্বা দেহাভ্যন্তরে প্রবেশিতানি সর্ব্বাণ্যঙ্গানি যস্য তম্, অতএব স্থলে উদ্ধৃতং কূর্ম্মমিব স্থিতম্, কীচকম্, প্রেক্ষ্য, সংহৃষ্টরোমাণো রোমাঞ্চিতাঃ, সংত্রস্তা ভীতাশ্চাভবন্নিতি শেষঃ ॥২॥

মস্তকই বা কোথায়' এইভাবে তাহারা গন্ধর্ব্বনিহত কীচককে পরীক্ষা করিতে লাগিল ॥৮৬॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—সেই সময়েই কীচকের সকল বান্ধব সেই স্থানে আসিয়া কীচককে দেখিয়া তাহাকে পরিবেষ্টন করিয়া রোদন করিতে লাগিল ॥১॥

কীচকের সমস্ত অঙ্গ শরীরের ভিতরে প্রবেশিত ছিল; সুতরাং স্থলে উদ্ধৃত একটা কচ্ছপের ন্যায় কীচককে দেখিয়া সকলেই রোমাঞ্চিত ও ভীত হইল ॥২॥

---

* অয়ং পাঠঃ ভা নাস্তি। (১) ততঃ কল্যং সমাগম্য—ভা। (২) সর্ব্বে সম্ভ্রান্তমনসঃ সন্তপ্তাঃ—প্র,…তথা সর্ব্বাঙ্গসংভগ্নং কূর্ম্মজালমিবোদ্ধৃতম্—ভা (৩) পোথিতং পীপ্লিতং ভীমম—ভা,…বহির্নেতুং বিচক্রমুঃ—প্র।

দদৃশুস্তে ততঃ কৃষ্ণাং সূতপুত্রাঃ সমাগতাঃ।
অদূরাদনবদ্যাঙ্গীং স্তম্ভমালিঙ্গ্য তিষ্ঠতীম্ ॥৪॥
সমবেতেষু সর্ব্বেষু তামূচুরুপকীচকাঃ।
হন্যতাং শীঘ্রমসতী যৎকৃতে কীচকো হতঃ ॥৫॥
অথবা নেহ হন্তব্যা দহ্যতাং কামিনা সহ।
মৃতস্যাপি প্রিয়ং কার্য্যং সূতপুত্রস্য সর্ব্বদা ॥৬॥
ততো বিরাটমূচুস্তে কীচকোঽস্যাঃ কৃতে হতঃ।
সহানয়ৈব দহ্যেত তদনুজ্ঞাতুমর্হসি ॥৭॥

ভারতকৌমুদী

পোথিতমিতি। ইন্দ্রেণ দানবমিব, ভীমসেনেন পোথিতং নিষ্পিষ্টম্, তং কীচকম্, সংস্কারয়িতুম্ উত্তরাধিকারিভির্দাহয়িতুমিচ্ছন্তঃ, তে বান্ধবা বহির্নেতুং প্রচক্রমুঃ ॥৩॥

দদৃশুরিতি। ততস্তে সমাগতাঃ সূতপুত্রা উপকীচকাঃ, অদূরাৎ, কঞ্চিৎ স্তম্ভমালিঙ্গ্য তিষ্ঠতীং তিষ্ঠন্তীম্, অনবদ্যাঙ্গীং কৃষ্ণাং দদৃশুঃ ॥৪॥

সমিতি। তত্র সমবেতেষু সর্ব্বেষু বান্ধবেষু মধ্যে উপকীচকাঃ, তাং কৃষ্ণাং প্রত্যূচুঃ। যৎ, যস্যাঃ কৃতে নিমিত্তে কীচকো হতঃ, সেয়মসতী সৈরিন্ধ্রী শীঘ্রং হন্যতাম্ ॥৫॥

অথবেতি। অথবা ইহ অস্মিন্ স্থানে ইয়ং ন হন্তব্যা, কিন্তু কামিনা কীচকেন সহৈবেযং দহ্যতাম্। যেন হি মৃতস্যাপি সূতপুত্রস্য কীচকস্য সর্ব্বদা প্রিয়ং কার্য্যম্ ॥৬॥

তত ইতি। ততস্তে উপকীচকা গত্বা বিরাটং রাজানমূচুঃ—হে রাজন্! অস্যাঃ কৃতে নিমিত্তে, কীচকো হতঃ। অতঃ অনযা সহৈব স দহ্যেত, তদনুজ্ঞাতুমর্হসি ॥৭॥

তৎপরে ইন্দ্রচূর্ণিত কোন দানবের ন্যায় ভীমসেনচূর্ণিত কীচককে দগ্ধ করাইবার ইচ্ছা করিয়া তাহার বান্ধবেরা তাহাকে বাহিরে নিবাব উপক্রম করিল ॥৩॥

তাহার পর সমাগত সেই উপকীচকেরা দেখিল যে, অনিন্দ্যসুন্দরী দ্রৌপদী অদূরে একটা স্তম্ভ ধরিয়া দাঁড়াইয়া আছেন ॥৪॥

তখন উপস্থিত সকলের মধ্যে সেই উপকীচকেরা দ্রৌপদীকে লক্ষ্য কবিয়া বলিল—"যাহার জন্য কীচক নিহত হইয়াছেন, সেই অসতীটাকে শীঘ্র হত্যা কব ॥৫॥

অথবা ইহাকে এখানে হত্যা কবা উচিত নহে: কামী কীচকেব সহিতই ইহাকে দগ্ধ কব। কাবণ, কীচক মরিয়া থাকিলেও অবশ্যই তাঁহার প্রিয়কার্য্য করা উচিত" ॥৬॥

---

(৪)···অনবদ্যাঙ্গী···তিষ্ঠতি—ভা। (৫) সমবেক্ষ্যৈব তে সর্ব্বে··· যস্যার্থে কীচকঃ—ভা। (৭)···সহানেনাস্ত দহ্যেম—বা ব রা ম,···সহাস্যানেন দহ্যেত অনুজ্ঞাতুং ত্বমর্হসি—ভা।

পরাক্রমন্তু সূতানাং মত্বা রাজান্বমোদত।
সৈরিন্ধ্র্যাঃ সূতপুত্রেণ সহ দাহং বিশাংপতে! ॥৮॥
তাং সমাসাদ্য বিত্রস্তাং কৃষ্ণাং কমললোচনাম্।
মোমুহ্যমানাং তে তত্র জগৃহুঃ কীচকা ভৃশম্ ॥৯॥
ততস্তু তাং সমারোপ্য নিবধ্য চ সুমধ্যমাম্।
জগ্মুরুদ্যম্য তে সর্ব্বে শ্মশানাভিমুখাস্তদা ॥১০॥
হ্রিয়মাণা তু সা রাজন্! সূতপুত্রৈরনিন্দিতা।
প্রাক্রোশন্নাথমিচ্ছন্তী কৃষ্ণা নাথবতী সতী ॥১১॥

ভাবতকৌমুদী

পরেতি। হে বিশাংপতে! রাজা বিরাটঃ সূতানামুপকীচকানামপি পরাক্রমং মত্বা স্মৃত্বা অননুজ্ঞানে স্ববিপদমাশঙ্ক্যেত্যর্থঃ, সূতপুত্রেণ কীচকেন সহ সৈরিন্ধ্র্যা দাহমন্বমোদত ॥৮॥

তামিতি। ততস্তে কীচকা উপকীচকাঃ, তত্র তদানীমেব, সমাসাদ্য প্রাপ্য, বিত্রস্তাম্, তেন ত্রাসেনৈব মোমুহ্যমানাম্ অতীবাস্থিরচিত্তাং কমললোচনাং তাং কৃষ্ণাং ভৃশং জগৃহুঃ ॥৯॥

তত ইতি। ততস্তু তে সর্ব্বে উপকীচকাঃ, তাং সুমধ্যমাং কৃষ্ণাম্, নিবধ্য, খট্বিকায়াং সমারোপ্য, উদ্যম্য তাং খট্বিকাং স্কন্ধে উত্তোল্য চ, তদৈব শ্মশানাভিমুখাঃ সন্তো জগ্মুঃ ॥১০॥

হ্রিয়েতি। হে রাজন্! সূতপুত্রৈরুপকীচকৈঃ হ্রিয়মাণা সা অনিন্দিতা কৃষ্ণা তু নাথবতী পতিশালিনী সত্যপি, তদানীং নাথং রক্ষকমিচ্ছন্তী সতী, প্রাক্রোশৎ নাথমেবাহ্বয়ৎ ॥১১॥

তাহার পর সেই উপকীচকেরা যাইয়া বিরাটরাজাকে বলিল—"মহারাজ! ইহার জন্যই কীচক নিহত হইয়াছেন; সুতরাং ইহার সহিতই কীচককে দগ্ধ করা হউক। আপনি সে বিষয়ে অনুমতি করুন" ॥৭॥

নরনাথ! বিরাটরাজা উপকীচকগণেরও পরাক্রম স্মরণ করিয়া কীচকের সহিত সৈরিন্ধ্রীর দাহ করার অনুমোদন করিলেন ॥৮॥

তাহার পর সেই উপকীচকেরা তখনই যাইয়া ভীতা এবং অত্যন্ত মোহিতা কমলনয়না দ্রৌপদীকে দৃঢ়ভাবে ধারণ করিল ॥৯॥

তদনন্তর তাহারা সকলে সুনিতম্বা দ্রৌপদীকে বাঁধিয়া, খাটে উঠাইয়া, সেই খাট তুলিয়া লইয়া তখনই শ্মশানাভিমুখে চলিল ॥১০॥

রাজা! উপকীচকেরা লইয়া চলিলে, অনিন্দিতা দ্রৌপদী পতিশালিনী হইয়াও তৎকালে রক্ষক পাইবার ইচ্ছা করিয়া উচ্চস্বরে ডাকিতে লাগিলেন ॥১১॥

---

(৮) উপক্রমঞ্চ সূতানাং তচ্চ রাজান্বমোদয়ৎ। সৈরিন্ধ্র্যাঃ প্রেক্ষমাণায়াঃ স হি দাহং বিশাংপতে! ॥—ভা,...বিশাংপতিঃ—বা ব রা ম। (৯,...বোরূয়মাণাস্তাং তত্র—ভা। (১০)... জগ্মুস্তে বৈ ততঃ সর্ব্বে—প্র। (১১)...সা তত্র—ভা।

দ্রৌপদ্যুবাচ।

জয়ো জয়ন্তো বিজয়ো জয়সেনো জয়দ্বলঃ।
